

শান্তিতে নোবেল পুরস্কারের মনোনয়ন ৪ ফিলিস্তিনি সাংবাদিকের
● ● ● ●
সারে-জমিন



ডোমকলের পরিযায়ী শ্রমিকের মৃত্যু কর্নাটকে
রূপসী বাংলা



আরজি কর: বিজেপি মাঠে নামায় মমতার কি সুবিধা হল?
সম্পাদকীয়



মালদা মেডিকেলে বিক্ষোভের মুখে ডাক্তার
সাধারণ



কলকাতা লিগে সুপার সিক্সের আশা জিইয়ে রাখল মহামেডান
● ● ● ●
খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শুক্রবার
৩০ আগস্ট, ২০২৪
১৪ ভাদ্র ১৪৩১
২৪ সফর, ১৪৪৬ হিজিরি
সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 235 ■ Daily APONZONE ■ 30 August 2024 ■ Friday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


## প্রথম নজর

### শিক্ষার্থীদের আত্মহত্যার হার দেশের জনসংখ্যা বৃদ্ধির হারের থেকে বেশি!



**আপনজন ডেস্ক:** দেশে শিক্ষার্থীদের আত্মহত্যা করার বার্ষিক হার উদ্বেগজনকভাবে বেড়েছে। শিক্ষার্থীদের আত্মহত্যার হার ভারতে জনসংখ্যা বৃদ্ধির হার ও আত্মহত্যার সার্বিক প্রবণতাগুলোকে ছাপিয়ে গেছে। বুধবার আইসিথ্রি কনফারেন্স অ্যান্ড এক্সপো-২০২৪-এ প্রকাশিত এক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে।ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর (এনসিআরবি) তথ্যের ভিত্তিতে আইসিথ্রি ইনস্টিটিউট ‘স্টুডেন্ট সুইসাইডস: অ্যান এপিডেমিক সুইপিং ইন্ডিয়া’ রিপোর্ট তৈরি করেছে। প্রতিবেদনে বলা হয়, ভারতে বছরে মোট আত্মহত্যার হার ২ শতাংশ বেড়েছে। শিক্ষার্থীদের আত্মহত্যার বেড়েছে ৪ শতাংশ। গত এক দশকে শূন্য থেকে ২৪ বছর বয়সী মানুষের সংখ্যা ৫৮ কোটি ২০ লাখ থেকে কমে ৫৮ কোটি ১০ লাখ হয়েছে। আত্মহত্যাকারী শিক্ষার্থীদের সংখ্যা বেড়ে ১৩ হাজার ৪৪ হয়েছে।

▶ *বিস্তারিত চারের পাতায়*

# নির্যাতিতার বাবা-মাকে আরজি করের তিনটি ফোন কল ঘিরে বিতর্ক

**আপনজন ডেস্ক:** আরজি কর মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ ৯ আগস্ট সকালে ধর্ষিতার বাবা-মাকে ফোন করে হাসপাতালে রিপোর্ট করার অনুরোধ জানিয়ে তিনটি কথিত অডিও রেকর্ডিং করেছিল বলে অভিযোগ করা হয়েছে, যা বৃহস্পতিবার প্রকাশ্যে এসেছে । এই ‘অসমর্থিত’ অডিও রেকর্ডিং ঘিরে নতুন বিতর্ক ছড়িয়ে দিয়েছে। ওই ফোনালাপে নির্যাতিতার অবস্থা নিয়ে এক আধিকারিকের বক্তব্যকে ঘিরে যত বিতর্কের সৃষ্টি। যদিও অডিও রেকর্ডিংয়ের সত্যতা স্বতন্ত্রভাবে যাচাই করেনি ‘আপনজন।’ তবে, শোরগোল ফেলে দেওয়া এই অডিও রেকর্ডিং নিয়ে প্রশ্ন উঠেছে হাসপাতাল প্রাথমিকভাবে এই ভয়াবহ অপরাধ ধামাচাপা দেওয়ার চেষ্টা করছিল কিনা।
হাসপাতালের অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট পরিচয় দেওয়া এক মহিলা প্রায় ৩০ মিনিটের ব্যবধানে একই নম্বর থেকে তিনবার নির্যাতিতার বাবা-মাকে ফোন করে তাদের জরুরি উপস্থিতি জানতে চান।
ওই দিন সকাল ১০টা ৫৩ মিনিট নাগাদ নির্যাতিতার বাবাকে করা




প্রথম ফোনটিতে বলা হয়, ‘আমি আরজি কর হাসপাতাল থেকে ফোন করছি। আপনি কি এক্ষুনি আসতে পারবেন?’
বাবা জিজ্ঞেস করেন, ‘কেন? কী হয়েছে?’ এর উত্তরে ওই ব্যক্তি বলেন, ‘আপনার মেয়ে একটু অসুস্থ হয়ে পড়েছে। আমরা তাকে হাসপাতালে ভর্তি করছি। আপনি কি তাড়াতাড়ি নেমে আসতে পারবেন?’ অভিভাবক আরও বিশদে জানতে চাইলে ফোনকারীকে বলতে শোনা যায়, ‘এই বিবরণগুলি কেবল ডাক্তাররাই সরবরাহ করতে পারেন। আমরা কেবল আপনার নম্বরটি খুঁজে পেতে এবং আপনাকে কল করতে পেরেছি। দয়া করে তাড়াতাড়ি নেমে আসুন। অসুস্থ হয়ে পড়ায় রোগীকে ভর্তি করা হয়েছে। বাকিটা আপনি আসার পর চিকিৎসকরা আপনাকে জানাবেন।
নির্যাতিতার উদ্বিগ্ন মাকে পিছন থেকে জিজ্ঞাসা করতে শোনা যায়, ‘তার কি জ্বর হচ্ছে?’ তখন উত্তরে বলা হয়, ‘তাড়াতাড়ি আসুন।’
নির্যাতিতার বাবা জিজ্ঞেস করেন, ‘তার অবস্থা কি খুব গুরুতর?’ উত্তর দেওয়া হয়, ‘হ্যাঁ, মেয়ের খুব সিরিয়াস অবস্থা। তাড়াতাড়ি আসুন।’ কলটি এক মিনিট ১১ সেকেন্ড স্থায়ী হয়েছিল।
প্রায় ৪৬ সেকেন্ড স্থায়ী দ্বিতীয় ফোন কলটি আসে প্রায় পাঁচ মিনিট পর। একই কলার থেকে তাকে বাব-মায়ের প্রতি বলতে শোনা যায়, ‘তার অবস্থা সঙ্কটজনক, খুবই সঙ্কটজনক। দয়া করে যত তাড়াতাড়ি পারেন আসুন।’
মেয়ের কী হয়েছে জানতে বাবার মরিয়া আবেদনের উত্তরে অপর প্রান্তের কণ্ঠস্বরটি পুনরাবৃত্তি করেন, ‘কেবল ডাক্তাররাই এটি বলতে পারেন। আপনি প্লিজ চলে আসুন।’
নিহতের বাবা পরিচয় জানতে চাইলে ফোনকারী বলেন, ‘আমি সহকারী সুপারিনটেনডেন্ট। আমি ডাক্তার নই। আমরা আপনার মেয়েকে জরুরি বিভাগে নিয়ে এসেছি। আপনি দয়া করে আসুন এবং আমাদের সাথে যোগাযোগ করুন।’
তৃতীয় এবং শেষ কলটিতে মৃত্যুর ঘোষণা দেওয়া হয়। প্রথম দুটি কলের একই কণ্ঠস্বরে বলতে মোনা যায়, ‘হ্যাঁ, প্লিজ শুনুন... আমরা আগেও বারবার বলেছি... আপনার মেয়ে...আত্মহত্যা করে থাকতে পারেন... অথবা, তিনি হয়তো মারা গেছেন। পুলিশ এসেছে। হাসপাতাল থেকে আমরা সবাই এখানে আছি। আমরা আপনাকে তাড়াতাড়ি আসতে বলছি।’ চূড়ান্ত কলটি ২৮ সেকেন্ড স্থায়ী হয়েছিল। এখন নির্যাতিতার মৃত্যু নিয়ে তদন্ত চলছে। তারই প্রকৃত রহস্য উদ্ভাবন হয়তো করতে পারবেন।

# জুনিয়র ডাক্তারদের বিরুদ্ধে একটি শব্দও উচ্চারণ করিনি: মমতা

**আপনজন ডেস্ক:** বুধবার তৃণমূলের ছাত্র সংগঠনের বার্ষিক অনুষ্ঠানে জুনিয়র ডাক্তারদের হুমকি দেওয়ার অভিযোগ অস্বীকার করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে তিনি যে বক্তব্য দিয়েছেন, তার ভুল ব্যাখ্যা করে কিছু গণমাধ্যম অপতথ্য ছাড়াচ্ছে বলে অভিযোগ করেন রাজ্যের মুখ্যমন্ত্রী। এরপর তিনি নিজের বক্তব্য স্পষ্ট করে তুলে ধরে বৃহস্পতিবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট দেন। পোস্টে মমতা দাবি করেন, জুনিয়র ডাক্তারদের বিরুদ্ধে একটি শব্দও উচ্চারণ করিনি। তিনি শিক্ষার্থীদের আন্দোলনকে ন্যায্য দাবি মনে করে তাঁদের প্রতি পূর্ণাঙ্গ সমর্থন প্রকাশ করেন।
উল্লেখ্য, ৯ আগস্ট আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে এক তরুণী পিজিটিকে ধর্ষণ ও খুনের পর থেকে নিরাপত্তার দাবিতে এবং আরজি কর মামলার তদন্তের প্রতিবাদে ধর্মঘটে রয়েছেন জুনিয়র ডাক্তাররা। জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির ফলে সরকারি হাসপাতালগুলির স্বাস্থ্যসেবা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত। এমনকী সুপ্রিম কোর্ট জুনিয়র ডাক্তারদের হাসপাতালের পরিষেবায় ফিরতে আহ্বান জানালেও তারা তা প্রত্যাখ্যান






করেন। তবে বুধবার তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা বার্ষিকীর সভায় তার বক্তব্য ঘিরে বিতর্ক হওয়ায় মুখ খুললেন মমতা। মুখ্যমন্ত্রী সোশ্যাল মিডিয়ায় পোস্টে লিখেছেন, ‘গতকাল শিক্ষার্থীদের একটি সমাবেশে আমার বক্তব্যের প্রসঙ্গ টেনে বিভিন্ন পত্রপত্রিকা, ইলেকট্রনিক ও ডিজিটাল গণমাধ্যমে বিদ্বেষপূর্ণ অপতথ্য ছড়ানো হচ্ছে। আমি দ্ব্যর্থহীনভাবে বলতে চাই, আমি শিক্ষার্থীদের (মেডিকেল) আন্দোলনের বিরুদ্ধে একটি শব্দও উচ্চারণ করিনি। আমি তাদের আন্দোলন সমর্থন করি। তাদের আন্দোলন ন্যায্য। আমি তাদের কোনো ধরনের হুমকি দিইনি, যদিও কিছু মানুষ আমাকে এ ধরনের অপবাদ দিচ্ছে। এ ধরনের অভিযোগ পুরোপুরি মিথ্যা।’ মুখ্যমন্ত্রী আরও লিখেছেন, ‘আমি বিজেপির বিরুদ্ধে কথা বলেছি। কারণ, ভারত সরকারের মদদে তারা আমাদের রাজ্যের গণতন্ত্রকে হুমকির মুখে ঠেলে দিয়ে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করছে। কেন্দ্রের সমর্থনে তারা অনাচার তৈরির অপচেষ্টা করছে। আমি তাদের বিরুদ্ধে আমার আওয়াজ তুলেছি।’ বুধবারের সমাবেশে দেওয়া বক্তব্যে মমতা ‘ফোঁস করা’ শব্দ দুটি ব্যবহার করেন। এক্সে দেওয়া পোস্টে সেই বিষয়েরও ব্যাখ্যা দিয়েছেন তিনি। তিনি বলেন, ২৮ আগস্ট তিনি তাঁর বক্তব্যে শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের উদ্ধৃতি থেকে এ শব্দ দুটি ব্যবহার করেছেন।এই মহাসাধক বলেছিলেন, মাঝে মাঝে আওয়াজ তুলতে হয়। যখন কোনো অপরাধ ও আইনের ব্যত্যয় ঘটে, তখন প্রতিবাদের আওয়াজ তুলতে হবে। রামকৃষ্ণের সেই উদ্ধৃতি থেকে সরাসরি তুলে ধরেছি।’


প্রথম রাউন্ড ঃ সর্বভারতীয় মেডিকেল কাউন্সেলিং

রাজ্য ছাড়িয়ে দেশের সেরা মেডিকেল কলেজে আল-আমীনের ২৫ জন ছাত্র-ছাত্রী

উচ্চতায় অদ্বিতীয়, উজ্জ্বলতায় অম্লান

আল-আমীন মিশন
খলতপুর, উদয়নারায়ণপুর, হাওড়া

Al-Ameen Mission 38 Years in service to the society

নিট-ইউজি (মেডিকেল) ২০২৪ | সর্বভারতীয় র‍্যাঙ্ক

| বছর | ৭০০ নম্বর এবং তার ওপর | ৬৫০ নম্বর এবং তার ওপর | ৬৪০ নম্বর এবং তার ওপর | ৬৩০ নম্বর এবং তার ওপর | ৬২০ নম্বর এবং তার ওপর | ৬০০ নম্বর এবং তার ওপর |
|---|---|---|---|---|---|---|
| ২০২৪ | ০৯ | ২০০ | ২৮৬ | ৩৭৯ | ৪৭৯ | ৭১১ |

AIIMS, NEW DELHI

M 710 AIR 158 OBC 44
Md Modassir Rahaman

AIIMS, NEW DELHI

M 705 AIR 544 PwD 1
Samim Ahmed Gazi

VMMC&SH, NEW DELHI

M 710 AIR 238 OBC 64
Md Aftabuddin Sk

AIIMS, Bhubaneswar

Marks 710 AIR 296
Rizwanullah

AIIMS, Patna

Marks 700 AIR 1070
Md Ramij Reja

AIIMS, Patna

Marks 700 AIR 1259
Mohasina Khatun

AIIMS, Kalyani

Marks 700 AIR 1359
Danish Sugandh

AIIMS, Patna

M 700 AIR 1391 OBC 45
Arij Islam

NEET (UG) 2025
আবাসিক কোচিংয়ে ভর্তি
কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি নেওয়া যাবে।
ভর্তি নেওয়া হবে
খলতপুর, সাঁতরাগাছি, খলিসানি, উলুবেড়িয়া, পাঁচুড় বজবজ, এবং নিউটাউনসহ ১২-টি ক্যাম্পাসে
এ বছর নিট (ইউজি) র‍্যাঙ্কের ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের অভিভাবক সাক্ষাৎকারের মাধ্যমে ভর্তি নেওয়া হবে।
৩ সেপ্টেম্বর পর্যন্ত সাক্ষাৎকার গ্রহণ করা হবে
সাক্ষাৎকার নেওয়া হবে খলতপুর, উদয়নারায়ণপুর, হাওড়ায় প্রতিদিন সাক্ষাৎকার শুরু হবে সকাল ১০টা থেকে।
◆ নিট-এর স্কোর কার্ড, মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিকের অ্যাডমিট, মার্কশীট, আধার কার্ড প্রভৃতির অরিজিনালসহ ১ সেট জেরক্স কপি এবং ২ কপি ফটোগ্রাফ আনতে হবে।

রেজিস্টার্ড অফিস: খলতপুর, হাওড়া, ফোন: ৭৪৭৯০ ২০০৪৩/৫৫/৫৯/৬৬
সিটি অফিস: ৫৩বি ইলিয়ট রোড, কলকাতা ১৬, ফোন: ৭৪৭৯০ ২০০৭৬/৭৯
সেন্ট্রাল অফিস: ডি জে ৪/৯, নিউটাউন, কলকাতা ১৫৬, ফোন: ৭৪৭৯০ ২০০৫১

AIIMS, Kalyani

Marks 700 AIR 1639
Md Sahid

AIIMS, Kalyani

Marks 697 AIR 1713
Ali Hossain Mondal

Medical College Kolkata

Marks 696 AIR 1772
Mir Mahammad Sharif

AIIMS, Kalyani

M 695 AIR 2237 OBC 772
Rubel Ahamed

ভর্তির বিজ্ঞপ্তি ২০২৫
৫-ম থেকে ৯-ম শ্রেণিতে
■ Online এবং Offline- এ ফর্ম পূরণ চলছে।
■ ফর্ম পূরণের শেষ তারিখ
Offline ৩১.৮.২০২৪ Online ৮.৯.২০২৪
■ প্রবেশিকা পরীক্ষা
২২ সেপ্টেম্বর ২০২৪, রবিবার।
website: www.alameenmission.org
বিস্তারিত জানতে ফোন করুন ৭৪৭৯০ ২০০৫৯/ ৬৬/৭৬
দুঃস্থ, মেধাবী ও এতিম ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা আছে।

Medical College Kolkata

Marks 695 AIR 2443
Fatemul Hazari

AIIMS, Kalyani

M 693 AIR 2712 OBC 953
Nasrin Parvin

AIIMS, Kalyani

M 690 AIR 3234 OBC 1171
Sk Abdullaha

AIIMS, Kalyani

M 690 AIR 3493 EWS 336
Sk Md Yeas

Medical College Kolkata

M 690 AIR 3641 OBC 1323
Raquiv Rahman

Medical College Kolkata

M 687 AIR 4154 OBC 1544
Md Sail Sk

প্রথম নজর

## গাজোলের কৃষি দফতরের শস্য বীমা কর্মসূচি



দেবাশীষ পাল ● মালদা

**আপনজন:** মালদা জেলার গাজোল ব্লকের কৃষি দফতরের উদ্যোগে বৃহস্পতিবার এক দিবসীয় কর্মসূচি হয়। এদিন গাজোল ব্লকের ১৫ টি অঞ্চলের কৃষকরা সেখানে অংশ নেন। কৃষি দফতর সূত্রে জানা গিয়েছে, কৃষকদের ফসলের জমিতে ধান চাষে যদি পোকা বা ধচা লাগে , তার সমাধান।ধান চাষ করতে নানা ধরনের সার কিভাবে প্রয়োগ করতে হবে , নানা বিষয়ে নিয়ে এমন কর্মসূচি হয়। এর পাশাপাশি পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ দপ্তরের উদ্যোগ শষ্য বীমা বিশেষ নিয়ে গত ২৮ আগস্ট থেকে শুরু হয় এই শষ্য বিমা আর আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত এই কৃষক শস্য বীমা প্রকল্পটি ফর্ম ফিলাপ হবে। এই বিশেষ জানানো হয়। গাজোল কৃষি অধিকারিক মাসিদুল রাকিব জানান, গাজোল ব্লকের যে সকল কৃষকরা এখনো পর্যন্ত যারা শস্য বীমা করেননি তারা অতি শীঘ্রই পশ্চিমবঙ্গের শস্য বীমা প্রকল্পটি করে নিন। না হলে ক্ষয়ক্ষতি হলে কোনরকম কি সুবিধা পাবেন না।

## মৎস্যজীবীদের জালে উঠল অজগর সাপ



সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

**আপনজন:** মৎস্যজীবিদের জালে উঠে এল বিশালাকার অজগর সাপ। বৃহস্পতিবার সকালে এই ঘটনাকে ঘিরে তীব্র চাঞ্চল্য ছড়ালো রানীবাঁধের অম্বিকানগরে। স্থানীয় সূত্রে খবর, অম্বিকানগরের পুরাতন রাজবাড়ীর পিছনে কুমারী নদীতে অন্যান্য দিনের মতো এদিনও ধরার জন্য জাল পেতেছিলেন স্থানীয় মৎস্যজীবিরা। জাল তোলার সময় ওই বিশালাকার পাইথনটি তারা দেখতে পান। পরে বিষয়টি স্থানীয় বনদপ্তরে জানানো হয়। অম্বিকানগর রাজবাড়ির বর্তমান সদস্য গৌরীশঙ্কর নারায়ণ দেও টেলিফোনে বলেন, বনদপ্তরকে খবর দেওয়ার পর তাঁদের প্রতিনিধিরা এসে আনুমানিক ১২ কেজি ওজনের ময়ালটিকে উদ্ধার করে নিয়ে যান।

## মল্লারপুরে ইফকোর কৃষি অভিযান




আমীরুল ইসলাম ● বোলপুর

**আপনজন:** বুধবার মল্লারপুরের মথুরাপুর মোড়ে ইফকোর উদ্যোগে ও মল্লারপুর নঈসুভার তত্ত্ববোধনে ১৫০ জনের অধিক এলাকার কৃষক ভাইদের নিয়ে ন্যানো সার প্রসার অভিযান অনুষ্ঠান হল। ইফকোর ন্যানো মডেল ভিলেজ প্রোজেক্ট এর অন্তর্গত চাষিদের ন্যানো প্রযুক্তি ও ড্রোন প্রযুক্তি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন ইফকোর রাজ্য বিপণন প্রবন্ধক ড: প্রকাশ দত্ত , রামপুরহাট সাবডিভিশন এর কৃষি অধিকর্তা প্রীতেশ দাস , ব্লকের কৃষি অধিকর্তা অর্জুন মণ্ডল , ইফকো বীরভূমের ফিল্ড অফিসার সুশান্ত ব্যানার্জী এবং মল্লারপুর নঈসুভার কৃষি উৎপাদক গোষ্ঠীর কর্ণধার সাধন সিনহা। ড: প্রকাশ দত্ত রাসায়নিক সারের কুফল সম্পর্কে বলেন ও পরিবর্তে ন্যানো সার বাবহারের পরামর্শ দেন।

## আবারও ডোমকলের পরিযায়ী শ্রমিকের মৃত্যু হল কর্নাটকে



সজিবুল ইসলাম ● ডোমকল

**আপনজন:** এবার বেঙ্গালরে কাজে গিয়ে হঠাৎ অসুস্থ হয়ে মৃত্যু হল ডোমকল ব্লকের ভগিরাতপুর অঞ্চলের ভগিরতপুর বাজারপাড়া এলাকার এক পরিযায়ী শ্রমিকের। মৃত পরিযায়ী শ্রমিকের নাম রসুল সেখ,বয়স ৩৫ বছর।
সংসারের হাল ধরতে গত ২ মাস আগে কাজের জন্য ব্যাঙ্গালোর পাড়ি দিয়েছিলেন। সেখানে গিয়ে রাজমিস্ত্রির কাজে যোগদেন। ভালোই চলছিল কাজ হঠাৎ গত কয়েক দিন আগে কাজে কর্মরত অবস্থায় অসুস্থ হয়ে পড়েন।সহকর্মীরা অসুস্থ অবস্থায় স্থানীয় হাসপাতালে ভর্তি করলে চিকিৎসার জন্য বাড়িতে ফোন করে টাকা পাঠানোর কথা বললে মায়ের হাতের আংটি বিক্রি করে টাকা পাঠায় ছেলের চিকিৎসার জন্য।চিকিৎসারত অবস্থায় হ্যাপসাতালেই মৃত্যু হয় রসূল সেখের।ঘটনার খবর পরিবারে পৌঁছাতেই কান্নায় ভেংগে পড়ে পরিবারের সদস্যরা।
মৃত পরিযায়ী শ্রমিকের স্ত্রী জানান তিন বছরের ছেলে ও বৃদ্ধ শাশুড়িকে নিয়ে কিভাবে সংসার চালাবো এখন কিছু বুঝে উঠতে পারছিনা।সরকারি সাহায্যের আবেদন জানায় মৃতের পরিবার সহ এলাকাবাসীরা।
রসূল সেখের নিথর দেহ কিভাবে গ্রামের বাড়িতে আসবে সেই চিন্তায় দিশেহারা হয়ে পড়েছে পরিবারের সদস্যরা।যদিও একমাত্র উপার্জন কারী ছিলেন রসূল সেখ।

## নাবালিকাকে ধর্ষণ ও খুনের চেষ্টা, ব্যাপক চাঞ্চল্য বংশীহারিতে




অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট

**আপনজন:** এক নাবালিকাকে ধর্ষণ ও খুনের চেষ্টার অভিযোগ। বর্তমানে ওই নাবালিকা হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর মহকুমার অন্তর্গত বংশীহারী এলাকার ঘটনা। জানা গিয়েছে, বুধবার রাতে পড়াশোনা করে নিজের ঘরে ঘুমাচ্ছিলেন পঞ্চম শ্রেণীতে পাঠরত ওই নাবালিকা। অভিযোগ মাঝরাতে হঠাৎ মেয়ের চিৎকার পেয়ে পাশের ঘরে থাকা মেয়েটির বাবা-মা ছুটে যায় তার ঘরে। এরপরেই কোনক্রমে সে ঘরে প্রবেশ করে মেয়ের বাবা ও মা দেখতে পায় তাঁদের মেয়ে অচৈতন্য অবস্থায় পড়ে রয়েছে মাটিতে। তার গলায় দাগ রয়েছে। অন্যদিকে, অবস্থা বেগতিক দেখে সেই সময় ঘটনাস্থল থেকে চম্পট দেয় অভিযুক্ত ওই ব্যক্তি। এদিকে বিষয়টি জানাজানি হতেই তৎক্ষণাৎ ছুটে আসেন এলাকাবাসীরা। সকলের প্রচেষ্টায় দ্রুত তাকে গঙ্গারামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয় প্রাথমিক চিকিৎসার জন্য। বর্তমানে সেখানে ভর্তি রয়েছে ওই নাবালিকা মেয়েটি। এ বিষয়ে জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল জানান, মেয়েটির পরিবারের অভিযোগের ভিত্তিতে একজনকে আটক করা হয়েছে। পুরো বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

## জমিয়তের সাংগঠনিক নির্বাচন হোড়খালিতে



কুতুব উদ্দিন মোল্লা ●

**আপনজন:** বৃহস্পতিবার সকালে দক্ষিণ ২৪ পরগনা জেলার কুলতলি থানার অন্তর্গত হোড়খালিতে। কুলতলি (উত্তরজোন) ব্লক জমিয়ত উলামায়ে হিন্দের তরফে সাংগঠনিক নির্বাচন ও দোওয়ার মজলিসের আয়োজন করা হয়। এদিনের উক্ত সভায় উপস্থিত ছিলেন জেলা জমিয়ত উলামায়ে হিন্দ সম্পাদক হাফেজ মাওলানা শওকত আলী সাহেব, জেলা জমিয়ত উলামায়ে হিন্দ অর্গানাইজার মাওলানা আবুল কাশেম রসূলি সাহেব, জেলা জমিয়ত উলামায়ে সহ সম্পাদক মাওলানা রহমাতুল্লাহ সাহেব। এদিনের জমিয়ত উলামায়ে হিন্দের তরফে সাংগঠনিক নির্বাচন হয়। সভায় সর্বসম্মতিক্রমে কুলতলি (উত্তরজোন) ব্লক জমিয়ত উলামায়ে সভাপতি নির্বাচিত হয় মাওলানা আজওয়াদুল্লাহ, সহ-সভাপতি হাফেজ নাইম উদ্দিন গাজী, সহ-সভাপতি মাওলানা জিয়ারুল, সম্পাদক নির্বাচিত হয় মাওলানা রুহুল্লাহ সাহেব,সহ সম্পাদক মাওলানা আবুল কাশেম, সহ সম্পাদক হাফেজ হেফজুর রহমান,সহ সম্পাদক মাওলানা মহিউদ্দিন, কোষাধ্যক্ষ নি কুতুব উদ্দিন। এছাড়াও কমিটির সদস্য সহ অন্যান্য পদে নিয়োগ করা হয়।

## বিজেপিকে হুমকি দেওয়ায় মমতার বিরুদ্ধে এফআইআর



সমীর দাস ● কলকাতা

**আপনজন:** তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যর সুর প্রথম থেকেই ছিল চড়া সুরে বাঁধা। তিনি একদিকে যেমন জুনিয়র ডাক্তারদের প্রচ্ছন্ন হুমকি দেন তেমনই অযাচিত ভাবে বাংলাদেশ প্রসঙ্গ টেনে এনে দেশের বিজেপিকেও হুমকি দিতে ছাড়েননি। তারই প্রতিবাদে এবার দিল্লি পুলিশে তাঁর বিরুদ্ধে এফআইআর করলেন সুপ্রিম কোর্টের আইনজীবী বিনীত জিন্দাল। প্রসঙ্গত ২৮ তারিখের সভায় বাংলার মুখ্যমন্ত্রী বলেন, “কেউ কেউ মনে করছেন এটা বাংলাদেশ। বাংলায়(পশ্চিমবঙ্গ) যদি আগুন লাগান, কোনও রাজ্যই থেমে থাকবে না। বাংলায় আগুন লাগালে অসম থেমে থাকবে না। উত্তর-পূর্ব, উত্তর প্রদেশ থেমে থাকবে না। বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা এবং দিল্লিও থেমে থাকবে না। আপনার চেয়ারটা আমরা টলমল করে দেব।” স্বাভাবিক কারণেই অপ্রাসঙ্গিকভাবে অন্য রাজ্যের কথা টেনে আনায় বেজায় ক্ষুব্ধ অন্যান্য রাজ্য।
মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যর পরেই উষ্মা প্রকাশ করে অসমের মুখ্যমন্ত্রী বলেন,”দিদি, আপনার এত সাহস হল কীভাবে যে অসমকে হুমকি দিচ্ছেন? আমাদের রক্তচক্ষু দেখাবেন না।” সঙ্গে সঙ্গে ক্ষুব্ধ হয় অন্যান্য রাজ্যের প্রশাসক। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি, মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং এবং বিহারের উপমুখ্যমন্ত্রী বিজয় কুমার সিনহা মমতার মন্তব্যের বিরোধিতা করেন। এই নিয়ে সারা ভারতে গুঞ্জন তৈরী হয়। তখনই বোঝা গিয়েছিল যে কোনো একটা সমস্যা তৈরী হতে পারে। এবার মমতার বিরুদ্ধে দিল্লি পুলিশের কাছে অভিযোগ দায়ের করলেন সুপ্রিম কোর্টের আইনজীবী বিনীত জিন্দাল। বৃহস্পতিবার দিল্লির পুলিশ কমিশনারকে একটি চিঠি লিখে অভিযোগ দায়ের করেন তিনি। ভারতীয় দণ্ডবিধির ১৫২, ১৯২, ১৯৬ ও ৩৫৩ ধারায় অভিযোগ দায়ের করেন। অভিযোগপত্রে বিনীত জিন্দাল লিখেছেন, “দলের ছাত্র পরিষদের সভায় মমতা বলেছেন, বাংলা জ্বললে অসম, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা এবং দিল্লি জ্বলবে। এটা স্পষ্ট যে এই মন্তব্য প্ররোচনামূলক এবং রাষ্ট্রবিরোধী। বিভিন্ন অঞ্চলের একাধিক গ্রুপের মধ্যে হিংসা এবং ঘৃণা ছড়াতে পারে।” এখন দেখার এই নিয়ে দিল্লি হাইকোর্ট কি পদক্ষেপ গ্রহণ করেন।

## নিরাপত্তার অভাব দেখিয়ে মিলনগড় মাদ্রাসার কমিটি নির্বাচন বাতিল

তানজিমা পারভিন ● হরিশ্চন্দ্রপুর

**আপনজন:** পুলিসি নিরাপত্তার অভাব দেখিয়ে এক দিন আগে হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের মিলনগড় সাজ্জাদিয়া হাই মাদ্রাসার পরিচালন কমিটির নির্বাচনের নমিনেশন প্রক্রিয়া বাতিল করল প্রশাসন। এই নিয়ে হরিশ্চন্দ্রপুরে শুরু হয়েছে রাজনৈতিক তরজা।হারার ভয়ে তৃনমূল প্রশাসনকে কাজে লাগিয়ে নমিনেশন প্রক্রিয়া বাতিল করলো বলে অভিযোগ বাম কংগ্রেস জোটের।যদিও হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের তৃণমূলের যুব সভাপতি মনিরুল আলমের দাবি,তাঁরা পুলিসি নিরাপত্তা ছাড়াই লড়াই করতে প্রস্তুত।নমিনেশন প্রক্রিয়া প্রশাসন কেন স্থগিত করল তা হরিশ্চন্দ্রপুর থানার পুলিস নোটিশ জারি করে জানিয়ে দিয়েছেন।আগামী মাসের ৮ তারিখ মিলনগড় সাজ্জাদিয়া হাই মাদ্রাসার পরিচালন কমিটির অভিভাবক প্রতিনিধি নির্বাচনের দিন ধার্য ছিল।এই নির্বাচনে সিপিএম কংগ্রেস জোটের থেকে



ছয় জন প্রার্থী দেওয়া হয়েছিল শাসক দল তৃণমূলের বিরুদ্ধে।দুজন সিপিএমের এবং চারজন কংগ্রেসের পক্ষ থেকে।প্রচারও শুরু হয়ে গিয়েছিল জোর কদমে।
বৃহস্পতিবার ছিল অভিভাবক প্রতিনিধিদের নমিনেশন পত্র প্রদান করার দিন।
কিন্তু বুধবার বিকালে হরিশ্চন্দ্রপুর থানার পুলিস একটি নির্দেশিকা জারি করে জানিয়ে দেয় নমিনেশন প্রক্রিয়ার দিন পর্যাপ্ত পরিমাণে পুলিশ ফোর্স মোতায়ন করা সম্ভব নয়।সেই কারণে নমিনেশন প্রক্রিয়া স্থগিত রাখার নির্দেশ দেন পুলিস প্রশাসন। সিপিএমের রাজ্য কমিটির সভাপতি জামিল ফিরদৌস বলেন,আমাদের ভোটের প্রচারে মানুষের ঢল নেমেছিল।সেটা দেখেই ওরা ভয় পেয়ে নির্বাচন পুলিসকে দিয়ে স্থগিত করিয়েছে।রাজ্যের যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান চৌধুরী বলেন,দীর্ঘ ৯ বছর পর এই মাদ্রাসায় নির্বাচনের দিন ধার্য করা হয়েছিল।২০২২ সালে একই কারণ দেখিয়ে চিথলিয়া এইচ.এস. এন হাই মাদ্রাসা ও তালগাছি সিনিয়ার মাদ্রাসার নির্বাচন বাতিল করেছিলেন প্রশাসন। তৃণমূল বুঝতে পারছে মানুষের সমর্থন আর ওদের কাছে নেই।তাই প্রশাসনকে কাজে লাগিয়ে নির্বাচন বাতিল করছে।
হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের তৃণমূলের যুব সভাপতি মনিরুল আলম বলেন,মানুষের সমর্থন আমাদের সঙ্গেই আছে।জোটের প্রার্থীরা যদি চায় পুলিসের নিরাপত্তা ছাড়াই নির্বাচন হবে আমরা তাতেই রাজি।

## রাজ্য হজ কমিটির উদ্যোগে বহরমপুর ও লালবাগে হজ সচেতনতা শিবির






হাসান সেখ ● বহরমপুর
জাকির সেখ ● লালবাগ

**আপনজন:** পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটির উদ্যোগে রাজ্যজুড়ে চলছে হজ সচেতনতা শিবির।
বৃহস্পতিবার মুর্শিদাবাদ জেলার বহরমপুর ও লালবাগে দুটি হজ সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। সচেতনতা শিবির ২০২৫ অনুষ্ঠিত হয় বহরমপুরে প্রশাসনিক ভবনের কনফারেন্স হলে। এদিনের সভাতে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য হজ্ব কমিটির চেয়ারম্যান তথা সাংসদ খলিলুর রহমান, এডিএম চিরন্তন প্রামানিক, অ্যাডিশনাল এসপি আই পি এস মাজিদ খান, মুর্শিদাবাদের সাংসদ আবু তাহের খান, ডোমা অফিসার রেনুকা খাতুন এবং অল ইন্ডিয়া ইমাম মুয়াজ্জিন এন্ড সোশ্যাল ওয়েলফেয়ার অর্গানাইজেশন রাজ্য যুগ্ম সাম্পাদক মাওলানা আব্দুর রাজ্জাক, ও সংগঠনের চেয়ারম্যান মাস্টার আনসার আলী, নিজামুদ্দিন বিশ্বাস ও মাওলানা মোজাফফর খান সহ ইমাম মুয়অজ্জিনরা। ইমাম মুয়াজ্জিনদের আহ্বান জানানো হয় আগামী জুম্মার খুৎবা বা বক্তব্য দিবার সময়ে এবং মসজিদে মসজিদে এদিনের আলোচনা সম্পর্কে মানুষকে অবগত করতে হবে। রহমান টুর এন্ড ট্রাভেলসের সম্পাদক হাফিজ মাফিকুর রহমান জানান, হজ যাত্রীদের তুলনায় ওমরা হজ যাওয়ার প্রবণতা বাড়ছে মুর্শিদাবাদ জেলায়। মুর্শিদাবাদ জেলা থেকে যেন এবার হজ্বে বেশি বেশী করে লোক যেতে পারে এবং জেলার যে কোটা আছে হজ্বে যাওয়ার জন্য সেই কোটা পূরণ করার আহবান জানানো হয়।
এছাড়া লালবাগ মহকুমার ইমাম মুয়াজ্জিন ও ধর্মভীরু জ্ঞানীগুণীদের নিয়ে লালবাগ সেমিনার হলে অনুষ্ঠিত হল হজ সচেতনতা শিবির। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য হজ কমিটি চেয়ারম্যান তথা জঙ্গিপুর লোকসভার সাংসদ খলিলুর রহমান, মুর্শিদাবাদ লোকসভার সাংসদ আবু তাহের খান, এসডিও বনমালী রায়, অল বেঙ্গল ইমাম মুয়াজ্জিন সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক মাওলানা নিজামুদ্দিন বিশ্বাস, রাজ্য হজ কমিটির ট্রেনার জেলা জমিয়তের সভাপতি মাওলানা বদরুল আলম, মাওলানা সাজারুল ইসলাম, অল ইন্ডিয়া ইমাম সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক মাওলানা আব্দুর রাজ্জাক, চেয়ারম্যান মাষ্টার আনসার আলী, নবগ্রাম ব্লক থেকে হাফেজ জাকির সেখ ও মাওলানা ওসমান গনি প্রমুখ। এদিনের হজ সচেতনতা শিবিরে মূলত আলোচনা করা হয় কিভাবে কত তারিখ পর্যন্ত হজের ফরম ফিলাপ করতে হবে। কোথায় কিভাবে টাকা জমা করতে হবে। হজ বিষয়ে কোন রকম সমস্যা হলে হজ কমিটির সদস্যদের সঙ্গে আলোচনা করার কথা বলা হয়। ইমাম সাহেবদের কাছে আবেদন করা হয় যে জুম্মার দিন তারা যেন বক্তব্যের মাধ্যমে বৃত্তবান মানুষদেরকে হজ করার জন্য উৎসাহিত করে।
বিশেষ করে এই বছর যারা হজে যাবে তাদেরকে কি কি নিয়ম মানতে হবে সেগুলোও এই দুটি হজ সচেতনতা শিবিরে বিস্তারিত আলোচনা করেন বক্তারা।

## বনগাঁ লোকালে আগুন, তীব্র চাঞ্চল্য



নিজস্ব প্রতিবেদক ● হাবড়া

**আপনজন:** দূরপাল্লার ট্রেনে বপিত্ত কাটতে না কাটতেই এবার লোকাল ট্রেনে বিপত্তি। চলন্ত ট্রেনে আগুনের ঘটনায় শিয়ালদহ-বনগাঁ শাখার সংহতি স্টেশনে ঢোকার আগেই চাঞ্চল্য সৃষ্টি হয় ।
বৃহস্পতিবার বিকেল নাগাদ আপ বনগাঁ লোকাল সংহতি স্টেশন পৌঁছনোর আগেই চাকায় আগুন বেরতে দেখেন যাত্রীরা। সঙ্গে সঙ্গে চালককে বলে ট্রেন থামানো হয় । আতঙ্কে রেললাইনে নেমে যান সকলে । এর জেরে দীর্ঘক্ষণ ধরে এই লাইনে বহু ট্রেন আটকে পড়ে। ব্যাপক সমস্যার মুখে পড়েন যাত্রীরা ।

ছড়িয়ে-ছিটিয়ে

## কবি নজরুলের প্রয়াণ দিবসে নাগরিক দ্রোহ



নিজস্ব প্রতিবেদক ● বারাসত

**আপনজন:** আর জি কর কাণ্ড সহ সারা দেশের নারী নির্যাতনের বিরুদ্ধে ন্যায় বিচারের ও সামাজিক সাম্যের শপথ নিয়ে নাগরিক উদ্যোগে আজ শিয়ালদা থেকে কলেজ স্ট্রিটে মিছিল হয়। মিছিলে সন্দেশখালির মহিলারাও যোগ দেন। বক্তব্য, গান, স্লোগানে মুখরিত এই মিছিলে শতাধিক মহিলা-পুরুষ যোগ দেন। পা মেলান নওফেল মহ: সফিউল্লাহ, মৃন্ময় সেনগুপ্ত, সমাজকর্মী মোহিত রণদীপ, অধ্যাপক সৌম্য শাহীন, প্রসেনজিৎ দাস, কৌশিক ভৌমিক, আদিত্য জোয়ারদার প্রমুখ

## দোষীর ফাঁসির দাবি জানিয়ে বাম ছাত্র-যুব সংগঠনের মশাল মিছিল




মোহাম্মদ জাকারিয়া ● করণদিঘী

**আপনজন:** “নাটক ছেড়ে বিচার করো, আর জি করে মাথা ধরো”– এই স্লোগানকে সামনে রেখে করণদীঘিতে উত্তাল হয়ে উঠেছে রাজপথ। এসএফআই ও ডিওয়াইএফআই-এর যৌথ উদ্যোগে এদিন করণদীঘীতে অনুষ্ঠিত হয় এক মশাল মিছিল ও পথ অবরোধ। আর জি কর মেডিকেল কলেজের সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে প্রকৃত দোষীদের শাস্তি এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে এই মিছিলের আয়োজন করা হয়। করণদীঘীর সিপিআই (এম) পার্টি অফিস থেকে শুরু হওয়া মিছিলটি করণদীঘী এলাকার প্রধান সড়কগুলো অতিক্রম করে। মিছিলকারীরা হাতে মশাল নিয়ে “বিচারের দাবিতে ঐক্যবদ্ধ আন্দোলন” এর স্লোগান তুলা হয়। এসএফআই ও ডিওয়াইএফআই নেতৃত্ব বলেছে, এই মিছিল শুধুমাত্র আর জি কর কান্ডের প্রতিবাদ নয়, বরং বৃহত্তর একটি সামাজিক আন্দোলনের অংশ, যেখানে তারা অপরাধ এবং অন্যায়ের বিরুদ্ধে একজোট হয়ে লড়াই করার অঙ্গীকার করেছে। তারা স্পষ্ট জানিয়ে দেয়, যতদিন না রাজ্য সরকার আর জি কর কান্ডের দোষীদের শাস্তি এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগ নিশ্চিত করবে, ততদিন এই আন্দোলন চলবে।

## বনধে ক্ষতিপূরণ চাইতে গিয়ে বিজেপির হাতে আক্রান্ত ট্রেনের যাত্রী



সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ

**আপনজন:**ঘড়িতে সময় তখন সকাল ৬ টা ৩৮ মিনিট। মুর্শিদাবাদ রেল স্টেশনের তিন নম্বর প্লাটফর্মে ডাউন লালগোলা-শিয়ালদহ ভাগীরথী এক্সপ্রেস ঢুকতেই বিজেপি কর্মীরা রেল লাইনে নেমে পড়ে। বিজেপি বিধায়ক গৌরীশঙ্কর ঘোষের নেতৃত্বে রেললাইনে বসে বিক্ষোভ দেখাতে শুরু করে তারা। প্ল্যাটফর্মের নির্দিষ্ট জায়গায় যাওয়ার আগেই ট্রেনের লোকো ইঞ্জিন থামিয়ে দেন লোকো পাইলট। ট্রেনের দুটি বগি প্ল্যাটফর্মের বাইরে রেল লাইনে দাঁড়িয়ে থাকে।অবরোধ শুরুর এক ঘন্টা পর অবরোধ তুলে নিলে ট্রেনটি মুর্শিদাবাদ স্টেশন ছেড়ে গন্তব্যের উদ্দেশ্যে যায়।
তবে তার মধ্যেই ক্ষতিপূরণ চাইতে গিয়ে বিজেপির হাতে আক্রান্ত হয় এক হাসপাতাল কর্মী।
সময় সকাল ৭টা ১৬ মিনিট। পুলিশকে উদ্দেশ্য করে এক ট্রেন যাত্রী বলেন, ‘এরা ভালোভাবে সরবে না, সরাতে হবে।’ একইসঙ্গে বিজেপি কর্মীদের উদ্দেশ্য করে তিনি বলেন, ‘ আমার কাজের ক্ষতি হচ্ছে। আপনারা আমাকে একদিনের ক্ষতিপূরণ বাবদ ৫০০ টাকা দিন, আমি বাড়ি চলে যায়।’ এই কথা বলা মাত্র বিজেপির কর্মীরা রেললাইন থেকে প্লাটফর্মে উঠে জিয়াগঞ্জের বাসিন্দা রাজু হালদার কে বেধড়ক মারধর করতে শুরু করে পুলিশের সামনে। মুর্শিদাবাদ থানার পুলিশ ওই যাত্রীকে উদ্ধার করে চিকিৎসার জন্য লালবাগ হাসপাতালে নিয়ে যায়। আক্রান্ত ট্রেনের যাত্রী রাজু হালদার জানিয়েছেন, ‘বহরমপুরের একটি বেসরকারি চোখের হাসপাতালে কাজ করেন তিনি। কাজের ক্ষতি হওয়ায় ক্ষতিপূরণ চেয়েছিলেন মাত্র। তাতেই তাকে বেধড়ক মারধর করা হয়।’
আর এই নিয়ে প্রশ্ন তুলে বিজেপিকে কড়া ভাবে আক্রমণ করেছেন মুর্শিদাবাদ পৌরসভার চেয়ারম্যান ইন্দ্রজিৎ ধর।

## প্রথম নজর

# জাপানে আছড়ে পড়ল ঘূর্ণিঝড় শানশান, নিহত ৩



**আপনজন ডেস্ক:** জাপানের দক্ষিণাঞ্চলীয় দ্বীপ কিউশুতে আছড়ে পড়েছে টাইফুন ‘শানশান’। এতে এখন পর্যন্ত তিনজনের মৃত্যু হয়েছে। এছাড়া আহত হয়েছেন অন্তত ৩৯ জন। জাপানের আবহাওয়া দফতর (জেএমএ) জানিয়েছে, বৃহস্পতিবার স্থানীয় সময় সকাল ৮টার দিকে জাপানের দক্ষিণাঞ্চলীয় দ্বীপ কিউশু’র কাগোশিমা শহরের উপকূলে আছড়ে পড়ে শানশান। তার আগে ২৪ ঘণ্টা ব্যাপক বর্ষণ হয়েছে কিউশু এবং তার আশপাশের অঞ্চলে। জাপানের আবহাওয়া দপ্তরের (জেএমএ) রেকর্ড বলছে, গত ২৪ ঘণ্টায় কিউশু ও তার আশপাশের এলাকায় বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৬০০ মিলিমিটার। কিউশু দ্বীপের বিভিন্ন গ্রাম-শহরে বাসবাস করেন অন্তত ১ কোটি ২৫ লাখ মানুষ। ঝড়-বৃষ্টির কারণে বর্তমানে দ্বীপটির প্রায় ২ লাখ ৫৫ হাজার বাড়িঘর বিদ্যুৎবিহীন রয়েছে বলে জানিয়েছে জাপানের সংবাদমাধ্যম এনএইচকে। আবহাওয়াগত কারণে ইতোমধ্যে দক্ষিণাঞ্চলের যাবতীয় ফ্লাইট বাতিল করেছে কর্তৃপক্ষ। এছাড়া বেশকিছু উচ্চগতির ট্রেনের চলাচলও স্থগিত করা হয়েছে। ঘূর্ণিঝড়ে কাগোশিমা ও পার্শ্ববর্তী মিয়াজাকি শহরে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছে এনএইচকে।

# প্রথমবারের মতো ইরান সরকারে নারী মুখপাত্র নিয়োগ



**আপনজন ডেস্ক:** ইরান সরকারে প্রথমবারের মতো নারী মুখপাত্র নিয়োগ দেওয়া হয়েছে। গতকাল বুধবার (২৮ আগস্ট) দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এক মন্ত্রিসভা বৈঠকে ওই নারীকে নিয়োগ দেন। সংবাদমাধ্যম তেহরান টাইমস এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

এতে বলা হয়, ইরান সরকারের প্রথম নারী মুখপাত্রের নাম ড. ফাতেমেহ মোহাজেরানি। তিনি মাসুদ পেজেশকিয়ান সরকারের মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করবেন।

বর্তমানে ৫৪ বছর বয়সী মোহাজেরানি ইরানের মারকাজি প্রদেশের আরাক শহরে ১৯৭০ সালে জন্মগ্রহণ করেন।তিনি স্কটল্যান্ডের হেরিওট-ওয়াট বিশ্ববিদ্যালয়ের এডিনবার্গ ক্যাম্পাস থেকে তার ডক্টরেট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিগ্রি লাভ করেন।

হাসান রুহানির সরকারের সময়, মোহাজেরানি ইরানের শরিয়তি কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষক বিশ্ববিদ্যালয়ের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। এটি নারী শিক্ষার্থীদের জন্য একটি প্রতিষ্ঠান। তার আগে ২০১৭ সালে তিনি সেন্টার ফর ব্রিলিয়ান্ট ট্যালেন্টের প্রধান হিসেবে নিযুক্ত ছিলেন। মোহাজেরানি তার কর্মজীবন জুড়ে শিক্ষা মন্ত্রণালয়ে অন্যান্য বিভিন্ন ভূমিকা পালন করেছেন।

আর এবার ইরান সরকারে প্রথম নারী মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করতে যাচ্ছেন। তার এই নিয়োগকে ঐতিহাসিক বলা হচ্ছে। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এর আগে গত সপ্তাহে ড. শিনা আনসারি নামের এক নারীকে ইরানের পরিবেশ অধিদপ্তরের প্রধান হিসেবে নিয়োগ দিয়েছেন। বিজ্ঞান ও গবেষণা বিশ্ববিদ্যালয় থেকে পরিবেশ ব্যবস্থাপনায় পিএইচডি ডিগ্রিধারী শিনা আনসারি তেহরান পৌরসভার বায়ু মান নিয়ন্ত্রণ কেন্দ্রের উপদেষ্টা ছিলেন। তার আগে তিনি পৌরসভার পরিবেশ ও টেকসই উন্নয়নের প্রধান এবং পরিবেশ অধিদপ্তরে পরিবেশ দূষণ মনিটরিং ব্যুরোর সাধারণ পরিচালকের পদে অধিষ্ঠিত ছিলেন।

# অকুতোভয় সাংবাদিকতা, শান্তিতে নোবেল পুরস্কারের মনোনয়ন ৪ ফিলিস্তিনি সাংবাদিকের



**আপনজন ডেস্ক:** ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় ইসরায়েলি বাহিনীর চলমান আগ্রাসন নিয়ে অকুতোভয় সাংবাদিকতা করায় ২০২৪ সালের শান্তিতে নোবেল পুরস্কারের জন্য মনোননয়ন পেয়েছেন চার ফিলিস্তিনি সাংবাদিক। বুধবার সংবাদমাধ্যম এক্সপ্রেস ট্রিবিউনের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

ফিলিস্তিনি এই চার সাংবাদিক হলেন, আলোকচিত্রী মোতাজ আজাইজা, টিভি সাংবাদিক হিন্দ খৌদারি, সাংবাদিক ও অধিকারকর্মী বিশাস ওউদা এবং বর্ষীয়ান সাংবাদিক ওয়ায়েল আল-দাহদৌহ।

গত ৭ অক্টোবর থেকে গাজায় ইসরায়েল হত্যা ও ধ্বংসযজ্ঞ চলছে। নিহত হয়েছেন ৪০ হাজারের বেশি ফিলিস্তিনি। গাজায় চলমান হত্যাযজ্ঞের খবর ও ছবি এই চার সাংবাদিক পাঠক ও শ্রোতা-দর্শকদের অন্তঃদৃষ্টি দিয়ে উপলব্ধি করতে সাহায্য করেছেন।

প্রতি বছর শান্তিতে নোবেল পুরস্কার দেয় নরওয়েজিয়ান নোবেল কমিটি। চলতি বছরের শান্তিতে নোবেল পুরস্কারের জন্য ২৮৫টি মনোনয়ন জমা পড়েছে। এর মধ্যে ১৯৬ ব্যক্তি ও ৮৯টি সংগঠন। চলতি বছরের বিজয়ীর নাম ঘোষণা হবে ১১ অক্টোবর। ১০ ডিসেম্বর হবে পুরস্কার প্রদান অনুষ্ঠান।

# তৃতীয় বিশ্বযুদ্ধের ঝুঁকি নিয়ে যুক্তরাষ্ট্রকে কড়া সতর্কতা রাশিয়ার



**আপনজন ডেস্ক:** ইউক্রেনকে পশ্চিমা ক্ষেপণাস্ত্র দিয়ে রাশিয়ার গভীরে হামলা করার অনুমতি দেওয়ার কথা বিবেচনা করে পশ্চিমারা আগুন নিয়ে খেলছে বলে হুঁশিয়ারি দিয়েছে রাশিয়া। এর ফলে তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু হতে পারে; যা কেবল ইউরোপের মধ্যে সীমাবদ্ধ থাকবে না বলে ওয়াশিংটনকে সতর্ক করে দিয়েছে মস্কো।

সংবাদমাধ্যম রয়টার্সের খবরে বলা হয়েছে, রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ মঙ্গলবার (২৭ আগস্ট) মস্কোতে সাংবাদিকদের বলেন, পশ্চিমারা ইউক্রেন যুদ্ধের উত্তেজনা বাড়ানোর চেষ্টা করছে এবং সরবরাহকৃত বিদেশি অস্ত্র ব্যবহারে নিষেধাজ্ঞা শিথিল করার বিষয়ে ইউক্রেনের অনুরোধ বিবেচনা করে ‘সমস্যা সৃষ্টি’ করতে চায়।

রুশ পররাষ্ট্রমন্ত্রী হুঁশিয়ারি দিয়ে বলেন, আমরা আরো একবার নিশ্চিত করে বলে দিচ্ছি যে, আগুন নিয়ে খেলা চলছে- আর তারা (পশ্চিমা বিশ্ব) ছোট বাচ্চাদের মতো দেশলাই নিয়ে খেলছে। একটি বা অন্য আরেকটি পশ্চিমা দেশে পারমাণবিক অস্ত্র হাতে থাকা বয়স্ক চাচা-চাচিদের জন্য এটি খুবই বিপজ্জনক।

তিনি সতর্ক করে বলেন, আমেরিকানরা দ্ব্যর্থহীনভাবে তৃতীয় বিশ্বযুদ্ধ সম্পর্কের আলোচনাকে এমন কিছু হিসাবে বিবেচনা করে যে, সৃষ্টিকর্তা এটিকে নিষিদ্ধ করেছেন। আর যদি এই যুদ্ধ শুরু হয়, তাহলে তা কেবল ইউরোপকেই একচেটিয়াভাবে ভোগাবে। কিন্তু তৃতীয় বিশ্বযুদ্ধ কেবল ইউরোপে সীমাবদ্ধ থাকবে না।

ইউক্রেনের সেনারা গত ৬ আগস্ট রুশ ভূখণ্ড কুরস্কে ঢুকে পড়ে। এরপর সাত দিনেই কুরস্কের ১ হাজার বর্গ কিলোমিটার এলাকা দখলে নেওয়ার দাবি করে ইউক্রেন।

বর্তমানে ইউক্রেন ১০০ রুশ বসতি এবং ১ হাজার ২৯৪ বর্গকিলোমিটার এলাকা (৫০০ বর্গমাইল) দখলে নেওয়ার দাবি করছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে রাশিয়ায় ঢুকে এটিই ইউক্রেনের সেনাদের চালানো সবচেয়ে বড় হামলা। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের এই হামলার পাল্টা জবাব দেওয়ার অঙ্গীকার করেছেন।



*গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান হামলায় কমপক্ষে আরো ৫৮ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এতে করে উপত্যকাটিতে নিহতের মোট সংখ্যা ৪০ হাজার ৫৩৪ জনে পৌঁছেছে। এছাড়া এই হামলায় আহত হয়েছেন আরো প্রায় ৯৪ হাজার ফিলিস্তিনি।*

# ইসরায়েলি নিরাপত্তারক্ষী ও সংস্থার ওপর মার্কিন নিষেধাজ্ঞা





**আপনজন ডেস্ক:** অধিকৃত পশ্চিমতীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে সহিংসতায় জড়িত থাকায় ইসরায়েলি বসতি স্থাপনকারী একটি সংস্থা এবং একজন বেসামরিক নিরাপত্তারক্ষীর ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। স্থানীয় সময় বুধবার (২৮ আগস্ট) এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়। সংবাদমাধ্যম আল জাজিরা জানিয়েছে, যুক্তরাষ্ট্র ‘হাশোমার ইয়োশ’ নামে একটি সংস্থা এবং নাবলুসের দক্ষিণে ইতিজার বসতির বেসামরিক নিরাপত্তা সমন্বয়ক ইতজাক লেভি ফিলান্টের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। ‘হাশোমার ইয়োশ’ নিজেদের স্বেচ্ছাসেবক সংস্থা হিসেবে দাবি করে, যাদের লক্ষ্য পশ্চিমতীরে ইসরাইলি কৃষকদের সুরক্ষা দেয়া। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, পশ্চিমতীরে ইহুদি বসতকারীদের লাগামহীন সহিংসতা একদিকে সেখানকার জনগণের ভোগান্তি বৃদ্ধি করছে, তেমনি ইসরায়েলের নিরাপত্তা ও মধ্যপ্রাচ্যের শান্তি-স্থিতিশীলতাকে ঝুঁকিতে ফেলছে। আরো একটি ব্যাপার এখানে উল্লেখ্য যে পশ্চিমতীরকে সহিংসতামুক্ত করার দায়িত্ব ইসরায়েলের সরকারের এবং যুক্তরাষ্ট্র বহুবার ইসরায়েলের সরকারকে এই বিষয়ে সচেতন হওয়ার আহ্ববান জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে হাশমোর ইয়োশের সদস্যরা এবং ইয়িতজাক লেভি ফিলান্তের বিরুদ্ধে পশ্চিম তীরে ফিলিস্তিনের মারধর, নির্যাতন, বাড়িঘরে অগ্নিসংযোগ এবং বাস্তুচ্যুত করার অভিযোগ রয়েছে। ইসরায়েলের বেশ কয়েকটি স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, সরকারের কাছ থেকে নিয়মিত অর্থনৈতিক সহায়তা পেতো হাশমোর ইয়োশ।

এছাড়া যুক্তরাষ্ট্রে বসবাসরত ইহুদিদের কাছ থেকেও নিয়মিত চাঁদা নিত হাশমোর ইয়োশ। জে-গিভ নামের একটি ওয়েবসাইটের মাধ্যমে চলত এই চাঁদা সংগ্রহ। ওয়েবসাইটিটি ইতোমধ্যে অকার্যকর করে দেওয়া হয়েছে বলে নিশ্চিত করা হয়েছে। সেই সঙ্গে মার্কিন ইহুদিদের হাশমোর ইয়োশকে চাঁদা দিতেও নিষেধ করা হয়েছে।

# টেলিগ্রাম সিইও’র বিরুদ্ধে ফ্রান্সে প্রাথমিক অভিযোগ দায়ের




**আপনজন ডেস্ক:** ফ্রান্সে টেলিগ্রাম সিইও পাভেল দুরোভের বিরুদ্ধে প্রাথমিক অভিযোগ দায়ের করা হয়েছে। এর ফলে আনুষ্ঠানিক তদন্তও শুরু হলো।

মেসেজিং অ্যাপ টেলিগ্রামের সিইও’র বিরুদ্ধে অপরাধমূলক কাজের অভিযোগ করা হয়েছে। দুরোভ রাশিয়া ও ফ্রান্সের নাগরিক। কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী তিনি এখন ফ্রান্স ছেড়ে যেতে পারবেন না।

দুরোভের বিরুদ্ধে আনুষ্ঠানিক তদন্ত শুরু করা হয়েছে মানে তিনি দোষী এবং তাকে বিচারের মুখে পড়তে হবে এমন নয়। এর অর্থ হলো, কর্তৃপক্ষ মনে করছে, তার বিরুদ্ধে যথেষ্ট তথ্যপ্রমাণ আছে, তাই তাকে বিচারবিভাগীয় তত্ত্বাবধানে রাখা যায়। বিচারকরা তার বিরুদ্ধে প্রাথমিক অভিযোগ জারি করেছেন।

কর্তৃপক্ষ তাকে জামিনের জন্য ৫০ লাখ ইউরো জমা দেয়ার নির্দেশ দিয়েছে এবং সপ্তাহে দুইবার তাকে থানায় হাজিরা দিতে হবে।

দুরোভকে বুধবার পুলিশ হেফাজত থেকে মুক্তি দিয়ে আদালতে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হয়।

কর্তৃপক্ষের সন্দেহ, দুরোভ তার বিরুদ্ধে আনা অপরাধমূলক কাজকর্ম নিয়ে কর্তৃপক্ষকে সম্পূর্ণ সহযোগিতা করছেন না। তার বিরুদ্ধে মেসেজিং অ্যাপের মাধ্যমে অপরাধমূলক কাজ করার অভিযোগ আছে।

দুরভের আইনজীবী ডেভিড অলিভিয়ার কামিনস্কি ফরাসি সংবাদমাধ্যমকে বলেছেন, ‘একটি সামাজিক নেটওয়ার্কের দায়িত্বে থাকা মানুষের বিরুদ্ধে এই ধরনের অভিযোগ অবিশ্বাস্য। কারণ, এই ধরনের কাজের সঙ্গে তিনি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত নন।’

সরকারি আইনজীবীরা জানিয়েছেন, এই পর্যায়ে দুরোভ হলেন এই মামলায় একমাত্র জড়িত ব্যক্তি। টেলিগ্রাম গোটা বিশ্বেই অত্যন্ত জনপ্রিয় মেসেজিং অ্যাপ। গত শনিবার ৩৯ বছর বয়সি দুরোভকে প্যারিস বিমানবন্দর থেকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে অভিযোগ ছিল, টেলিগ্রাম মাদক পাচার, জালিয়াতি, বাচ্চাদের বিরুদ্ধে অপরাধের সঙ্গে জড়িত।

## ছড়িয়ে-ছিটিয়ে

# গাজার মানবিক পরিস্থিতি নিয়ে জাতিসংঘের বৈঠক



**আপনজন ডেস্ক:** গাজার মানবিক পরিস্থিতি নিয়ে বৈঠকে বসতে যাচ্ছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। যুক্তরাজ্য এবং সুইজারল্যান্ডের অনুরোধে এই বৈঠক ডাকা হয়েছে। বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এই বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা।


সম্প্রতি বিশ্ব খাদ্য কর্মসূচির একটি গাড়ি বহরে হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। ‘জাতিসংঘের মানবিক কনভয়’ স্পষ্টভাবে লেখা থাকার পরেও ইসরায়েলি বাহিনী ওই গাড়ি বহরে গুলি চালানোর পরই নিরাপত্তা পরিষদের বৈঠক ডাকা হলো।

যুক্তরাজ্যে নিযুক্ত জাতিসংঘের মিশন সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছে, জাতিসংঘ সতর্ক করেছে যে গাজায় সহায়তা কার্যক্রম এবং কর্মীরা ঝুঁকির মধ্যে রয়েছে। একই সঙ্গে সেখানে পোলিওর প্রাদুর্ভাব বন্ধ করার জন্য ভ্যাকসিন কার্যক্রম জরুরিভাবে প্রয়োজন বলেও জানানো হয়।

গত ৭ অক্টোবরের পর থেকে গাজায় প্রতিদিন অন্তত ৫৩ শিশুকে হত্যা করেছে ইসরায়েল। এই সময়ে দৈনিক গড়ে ৭২ জন ফিলিস্তিনি নারী-পুরুষ প্রাণ হারিয়েছেন দখলদারদের হামলায়। এখনো নিখোঁজ রয়েছেন আরও অন্তত ১০ হাজার গাজাবাসী। ধারণা করা যায়, তাদের কেউই আর বেঁচে নেই। এদিকে ওয়াফা নিউজ এজেন্সি জানিয়েছে, নুসেইরাত শরণার্থী শিবির এবং দেইর আল বালায় বৃহস্পতিবার ভোরের দিকে হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। এতে দুই শিশু এবং এক নারী নিহত হয়েছে। নুসেইরাত শরণার্থী শিবিরে হামলার পর দুই শিশুর মরদেহ উদ্ধার করা হয় এবং দেইর আল বালা থেকে এক নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে। এদিকে গাজায় হামলা অব্যাহত রাখার মধ্যেই ইসরায়েলের উগ্র ডানপন্থী নেতা ও জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতামার বেন গভির বলেছেন, তিনি সুযোগ পেলে জেরুজালেমের পবিত্র আল-আকসা মসজিদ প্রাঙ্গণে একটি ইহুদি উপাসনালয় তৈরি করবেন। তার এই বক্তব্য কেন্দ্র করে সৌদি আরব, কাতার, জর্ডানসহ অন্যান্য মুসলিম দেশগুলোতে নতুন করে ক্ষোভ ছড়িয়ে পড়েছে। সেই সঙ্গে প্রশ্ন উঠছে ইসরায়েলি সরকারের নীতিমালা নিয়েও। প্রসঙ্গত, ২০২২ সালে ইসরায়েলের জাতীয় নিরাপত্তামন্ত্রী হিসেবে দায়িত্ব নেয়ার পর থেকে অন্তত ছয়বার ওই বিরোধপূর্ণ জায়গাটি পরিদর্শন করেছেন বেন গভির। এ নিয়ে তিনি তীব্র সমালোচনার মুখোমুখি হয়েছেন। তিনি মনে করেন, মসজিদটিতে ইহুদিদের প্রার্থনা করার অনুমতি দেওয়া উচিত।

### সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৩.৫৬মি.
ইফতার: সন্ধ্যা ৬.০১ মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.৫৬ | ৫.১৮ |
| যোহর | ১১.৪৩ | |
| আসর | ৪.০৮ | |
| মাগরিব | ৬.০১ | |
| এশা | ৭.১৩ | |
| তাহাজ্জুদ | ১১.০০ | |

# ইথিওপিয়ায় ভূমিধসের ঝুঁকিতে ৪ লাখ মানুষ



**আপনজন ডেস্ক:** উত্তর আফ্রিকার দেশ ইথিওপিয়ার আমহারা প্রদেশের উত্তরাঞ্চলে গত কয়েক দিন ধরে থেমে থেমে ভারী বর্ষণের জেরে বন্যা ও ভূমিধসের আশঙ্কা দেখা দিয়েছে। এতে ঝুঁকিতে পড়েছেন প্রদেশটির অন্তত ৪ লাখ মানুষ।

আমহারার কমিশনার তেসফাও বাতাবেল স্থানীয় সংবাদমাধ্যম আমহারা টিভিকে জানিয়েছেন, ভারী বর্ষণের কারণে প্রদেশের অন্তত ৩২টি জেলা বন্যা-ভূমিধসের ঝুঁকিতে রয়েছে। সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে উত্তর গোন্দার, দক্ষিণ গোন্দার এবং ওয়াগ হেমরা জেলা। সম্ভাব্য এই দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি নেয়া শুরু করেছে আমহারা প্রশাসন। ঝুঁকিতে থাকা বিভিন্ন এলাকার স্থানীয় প্রশাসনকেও প্রস্তত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে। কিন্তু যদি বন্যা-ভূমিধস শুরু হয়, সেক্ষেত্রে ক্ষয়ক্ষতির মাত্রা অনেক বেশি হবে, এই প্রস্তুতি দিয়ে তা সামাল দেওয়া যাবে কি না, তা নিয়ে আমরা নিশ্চিত নই বলে সাংবাদিকদের জানিয়েছেন তেসফাও।

গত মাসে ইথিওপিয়ার দক্ষিনাঞ্চলীয় গোফা প্রদেশে কয়েকটি ভূমিধসের ঘটনা ঘটেছিল। এসব ভূমিধসে প্রাণ হারিয়েছিলেন প্রায় ২৬০ জন এবং বাস্তুচ্যুত হয়েছিলেন ১৫ হাজারেরও বেশি মানুষ।

# সাংবাদিক-আইনজীবীসহ ৯২ মার্কিন নাগরিকের ওপর রাশিয়ার নিষেধাজ্ঞা



**আপনজন ডেস্ক:** রাশিয়াবিরোধী প্রচার-প্রচারণার সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে যুক্তরাষ্ট্রের সাংবাদিক, আইনজীবী, ব্যবসায়ী, সামরিক শিল্প সংস্থার প্রধানসহ ৯২ জনের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে রাশিয়া। বুধবার রুশ পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছে।

সামাজিক যোগাযোগমাধ্যম টেলিগ্রামে নিষেধাজ্ঞার আওতায় পড়া সেই ৯২ জনের নামের তালিকা প্রকাশ করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়।

সংবাদমাধ্যম রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, রুশ নিষেধাজ্ঞার আওতায় পড়া ব্যক্তিদের মধ্যে ওয়াল স্ট্রিট জার্নালের ১৪ জন কর্মী, নিউইয়র্ক টাইমসের পাঁচজন সিনিয়র সাংবাদিক এবং ওয়াশিংটন পোস্টের চারজন সাংবাদিক রয়েছে। এছাড়া এই তালিকায় বেশ কয়েকজন সরকারি আইনজীবী, মার্কিন প্রতিরক্ষা শিল্প সংস্থার কর্মচারী এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রয়েছেন।

ইউক্রেনে রুশ বাহিনীর সামরিক অভিযানকে কেন্দ্র করে মস্কোর সঙ্গে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্ক প্রায় তলানিতে ঠেকেছে। শীতল যুদ্ধের অবসানের পর এই প্রথম বিশ্বের দুই শক্তিধর পরাশক্তির পারস্পরিক সম্পর্কে এই পরিমাণ তিক্ততা পরিলক্ষিত হচ্ছে।




### বিজ্ঞপ্তি

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে ,যে আমার মক্কেল (শ্রী বিবেকানন্দ ভট্টাচার্য্য,পিতা : ঁঅনিল কুমার ভট্টাচার্য্য) শ্রী সান্নি ব্যানার্জী , পিতা দীপক ব্যানার্জী, সাং + পো : পাট ঝালদা ,থানা ঝালদা, জেলা:পুরুলিয়া। বিগত ২৪.০৪.২০২৪ তারিখে ঝালদা সাবরেজিস্টারি অফিসে ১৩৫৩ নং আমমোক্তার দলিল মুলে আমাদের ক্ষমতা প্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন আমমোক্তার অনুযায়ী যার তপশীল জেলা পুরুলিয়া ,থানা ঝালদা ,মৌজা পাট ঝালদা ,জে . এল নং ১৩২ ,এল .আর খতিয়ান নং. ৬৮০, এল .আর প্লট নং: ১০৩, কানালি মাপ ৮০ ডে: এর মধ্যে ৩৬ ডে: মাত্র সমূহ ক্ষমতা প্রদান করেন।

উক্ত বিষয়ে কাহারো কোনো আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে ঝালদা এ.ডি. এস.আর অফিসে যোগাযোগ করিবেন অন্যথায় আইন মোতাবেক কার্য্য করা হইবে।

**দেবপ্রসাদ বসু**
**আইনজীবী,**
**পুরুলিয়া জেলা জজ কোর্ট**
**রেজি: নম্বর: ৪৯৬৮/৯৯**

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ২৩৫ সংখ্যা, ১৪ ভাদ্র ১৪৩১, ২৪ সফর, ১৪৪৬ হিজরি

## নির্বাচনোত্তর সহিংসতা

তৃতীয় বিশ্বের দেশগুলিতে নির্বাচনকেন্দ্রিক সহিংসতা যেন ললাটের লিখনে পরিণত হইয়াছে। নির্বাচনের পূর্বে ও নির্বাচনের দিন তো বটে, নির্বাচনের পরও এই সকল দেশে দ্বন্দ্ব-সংঘাত ও সহিংসতা অব্যাহত থাকে। বৃহত্ গণতান্ত্রিক দেশের একটি অঙ্গরাজ্যসহ এশিয়া, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার অনেক দেশে এমন সংঘাত-সংঘর্ষ নূতন কিছু নহে। তবে অধিকাংশ দেশে নির্বাচনের কিছুদিন পর তাহা স্তিমিত বা বন্ধ হইয়া যায়; কিন্তু কোনো কোনো দেশে তাহা সহজে বন্ধ হয় না, বরং তাহার জের মাসের পর মাস এমনকি বত্সরের পর বত্সর ধরিয়া চলিতে থাকে।
সম্প্রতি উন্নয়নশীল দেশের একটি মানবাধিকার সংগঠন জানাইয়াছে যে, চলতি বত্সরের জানুয়ারি হইতে মে পর্যন্ত প্রথম পাঁচ মাসে দেশটিতে রাজনৈতিক সহিংসতা ও দ্বন্দ্বে নিহত হইয়াছেন ৩৩ জন। তাহাদের মধ্যে ২৭ জনই ক্ষমতাসীন দলের লোক। অবশ্য এই হিসাবে সেই দেশটির বাহিরে নিহত ও বহুল আলোচিত একজন সংসদ সদস্যকে হিসাবের মধ্যে ধরা হয় নাই। তাহাকে ধরিলে নিহতের সংখ্যা দাঁড়াইবে ২৮ জন। এই সময় দেশে মোট রাজনৈতিক সংঘাতের ঘটনা ঘটিয়াছে ৩৯৩টি। ইহাতে আহত হইয়াছেন ৩ হাজার ২২৪ জন। আরো উল্লেখ্য যে, ৩৯৩টি রাজনৈতিক সহিংস ঘটনার ২০১টিই হইয়াছে ক্ষমতাসীন দল ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের মধ্যে, যাহাদের অধিকাংশই আবার কোনো না কোনোভাবে সেই ক্ষমতাসীন দলটির সহিত সম্পৃক্ত। জাতীয় নির্বাচনের পর কয়েক স্তরের স্থানীয় সরকার নির্বাচনেও দেখা গিয়াছে তাহা অংশগ্রহণমূলক হয় নাই। প্রধান প্রধান বিরোধী দল অংশগ্রহণ না করিলেও নির্বাচনোত্তর সহিংসতার হেতু কী? ৯০ শতাংশ ক্ষেত্রেই এই সকল সহিংসতা স্থানীয় পর্যায়ে ক্ষমতাসীন দলের অভ্যন্তরীণ দ্বন্দ্ব, কোন্দল ও কলহের বহিঃপ্রকাশ। ইহাতে তৃণমূলের নেতাকর্মীরা অনাকাঙ্ক্ষিত হত্যাকাণ্ডের শিকার হইতেছেন। কেহ নির্বাচনে না আসিলে অন্যের জন্য মহাসুযোগ তৈরি হওয়াটা অস্বাভাবিক নহে; কিন্তু প্রশ্ন জাগে, ইহার পরও অভ্যন্তরীণ মারপিট চলিতেছে কেন? বিশেষত যখন কোনো ক্ষমতাসীন দলে সুবিধাবাদী ও অনুপ্রবেশকারীদের আনাগোনা বৃদ্ধি পায়, তখন সংগত কারণে সেখানে স্বার্থের দ্বন্দ্ব ও অস্থিরতা দেখা দেয়। কেননা তাহারা আসলে সেই দলের লোক নহেন, তাহারা বর্ণচোরা ও মুখোশধারী; কিন্তু এই নূতনরা যখন ক্ষমতায় আসেন, তখন তাহাদের প্রভাব-প্রতিপত্তি বাড়ানো এবং নিজ নির্বাচনি এলাকাকে চিরস্থায়ী করিবার জন্য উঠিয়াপড়িয়া লাগেন। এই জন্য নির্বাচনের পরপরই নিজ দলের প্রতিপক্ষদেরও ঝাঁটাইয়া ও পিটাইয়া বাহির করিয়া দিতে চাহেন। যেইভাবে ও যেই পরিপ্রেক্ষিতে তাহারা নির্বাচিত হইয়াছেন, নির্বাচনের পরও তাহাদের সেই একই সদম্ভ বিচরণ ও আচরণ চলিতে থাকে। এখানে অন্য দলগুলির নির্বাচন না করিবার কারণ হইল, তাহাদের দাবি–নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক হইতে হইবে। তবে অন্যরা বয়কট করিবার কারণে তাহাদের বয়কট করিবার কি কোনো কারণ রহিয়াছে? তাহাদের বিশ্বাস, নিজেদের মতো নির্বাচন করিয়াও তাহারা ঠিকই উতরাইয়া যাইতে পারিবেন; কিন্তু যাহারা একবার ফ্রাংকেনস্টাইনের মনস্টারের জন্ম দেন, সেই দানব নিজ প্রভুকে ধ্বংস না করা পর্যন্ত ক্ষান্ত হয় না। ইহাই ইতিহাসের শিক্ষা। আজি হইতে ২০০ বত্সর পূর্বে ঔপন্যাসিক মেরি শেলি অল্প বয়সে লিখেন ‘ফ্রাংকেনস্টাইন :অর দ্য মডার্ন প্রমিথিউস’ নামে একটি ভৌতিক উপন্যাস ও কল্পকাহিনি। এই উপন্যাসের প্রধান চরিত্র একজন সুইডিশ তরুণ বিজ্ঞানী যাহার নাম ড. ভিক্টর ফ্রাংকেনস্টাইন। যিনি সৃষ্টি করেন একটি মনস্টার বা দানব। শেষ পর্যন্ত এই দানবের হস্তে তাহার স্রষ্টার নির্মম মৃত্যু হয়। এত বত্সর পরও তাহার এই চরিত্রটি বিশেষত উন্নয়নশীল বিশ্বের রাজনীতির ক্ষেত্রে অত্যন্ত প্রাসঙ্গিক। যাহারা ক্ষমতাসীন থাকেন, তাহারা এই সকল দানব তৈরি করিয়া ভাবেন তাহারা তাহাদের লোক; কিন্তু এই দানবরাই একদিন তাহাদের করুণ পরিণতি ডাকিয়া আনে।
তৃতীয় বিশ্বে এইভাবে যেই সকল মনস্টারের জন্ম হইয়াছে, তাহারা আজ বুক ফুলিয়া হাঁটিয়া বেড়াইতেছে। ভাবখানা এই যে–তাহারা প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্পর্শকাতর বিভাগের সাহায্যে কীভাবে নির্বাচিত হইয়াছেন, সেই ব্যাপারে অন্য কেহ কিছুই জানেন না। অথচ তাহাদের ব্যাপারে আইনের শাসন কাজ করিলে এবং দল ও সংগঠন হইতে কার্যকর পদক্ষেপ লওয়া হইলে এমন পরিণতি দেখিতে হইত না বিশ্ববাসীকে।

•••••••••••••

# আরজি কর নিয়ে বিজেপি মাঠে নামায় তৃণমূল নেত্রী মমতার কি সুবিধা হল?

বিবিসি বাংলা

কলকাতার আরজি কর মেডিক্যাল কলেজে এক তরুণী চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ঘটনায় প্রথমে সাধারণ নাগরিকরা প্রতিবাদে রাস্তায় নেমে পড়েছিলেন। তাদের নেতৃত্বে কোনও রাজনৈতিক দল ছিল না, তাই কীভাবে তাদের মোকাবেলা করা হবে, তা নিয়ে ক্ষমতাসীন দল তৃণমূল কংগ্রেস এবং মমতা ব্যানার্জীর সরকার চিন্তায় ছিল। তবে সম্প্রতি প্রধান বিরোধী দল বিজেপি সরাসরি ওই ঘটনার প্রতিবাদে নেমে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছে। চেনা-জানা রাজনৈতিক বিরোধীদের মোকাবেলা সরকার আর ক্ষমতাসীন দলের পক্ষে সুবিধাজনক বলে মনে করছেন বিশ্লেষকরা। **বিবিসি-র প্রতিবেদন।**



কলকাতার আরজি কর মেডিক্যাল কলেজে এক তরুণী চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ঘটনায় প্রথমে সাধারণ নাগরিকরা প্রতিবাদে রাস্তায় নেমে পড়েছিলেন। তাদের নেতৃত্বে কোনও রাজনৈতিক দল ছিল না, তাই কীভাবে তাদের মোকাবেলা করা হবে, তা নিয়ে ক্ষমতাসীন দল তৃণমূল কংগ্রেস এবং মমতা ব্যানার্জীর সরকার চিন্তায় ছিল। তবে সম্প্রতি প্রধান বিরোধী দল বিজেপি সরাসরি ওই ঘটনার প্রতিবাদে নেমে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছে। চেনা-জানা রাজনৈতিক বিরোধীদের মোকাবেলা সরকার আর ক্ষমতাসীন দলের পক্ষে সুবিধাজনক বলে মনে করছেন বিশ্লেষকরা।
“স্কুলের বাচ্চাগুলো পর্যন্ত রাস্তায় নেমে গেছে, বৃষ্টিতে ভিজে প্রতিবাদ মিছিল করছে,” কলকাতার একটি স্কুলের বর্তমান ও প্রাক্তনদের মিছিল দেখতে দেখতে মন্তব্য করছিলেন এক পথচারী।
কলকাতার আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনার প্রতিবাদে নেমেছিলেন ওই স্কুলটির ছাত্র-ছাত্রী ও প্রাক্তনরা।
ওই ধর্ষণ ও হত্যার ঘটনার পর থেকে দুই সপ্তাহের বেশি হয়ে গেল, প্রতিদিনই একাধিক ছোট বড় মিছিল-জমায়েত হচ্ছে কলকাতা বা শহরতলির রাস্তায়।
এইসব মিছিল-জমায়েতের জন্য নিয়মিতই যানজট লেগে থাকছে। তবে ওই যানজটে দীর্ঘক্ষণ আটকে পড়া কাউকেই বিশেষ বিরক্ত হতে দেখা যাচ্ছে না, যেটা সবসময়েই রাজনৈতিক মিছিল-জমায়েতের ক্ষেত্রে লক্ষ্য করা যায়।
চায়ের দোকানে খবরের কাগজ পড়তে পড়তে দুই বন্ধুর মধ্যে আলোচনা কানে এল – “এটা কোথায় গিয়ে থামবে বোঝা যাচ্ছে না।”
পশ্চিমবঙ্গের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসও সম্ভবত বুঝতে পারছিল না সাধারণ মানুষের এই প্রতিবাদ কোথায় গিয়ে থামবে।

**দল-বিহীন প্রতিবাদ**

আরজি কর হাসপাতালের ধর্ষণ ও হত্যার ঘটনার বিচার চেয়ে বিভিন্ন রাজনৈতিক দল বা সংগঠন প্রতিবাদে নামলেও সিংহভাগ প্রতিবাদ মিছিলের সংগঠক বা যোগদানকারীরা একেবারেই সাধারণ নাগরিক।
তবে প্রথমদিকের ওই প্রতিবাদ মিছিলগুলিতে রাজনৈতিক নেতা-নেত্রীরা যে অংশ নেননি, তা নয়। এমনকি রাজ্যের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের একাধিক নেতা-নেত্রী ঘোষণা করেই মিছিলগুলিতে যোগ দিয়েছিলেন - বিশেষত ১৪ই অগাস্টের ‘রাতের রাস্তা দখল’ কর্মসূচিতে।
ছিলেন অন্যান্য দলের নেতা-নেত্রীরাও। কিন্তু কারও গলায় সেদিন কোনও দলীয় স্লোগান শোনা যায়নি, দেখা যায়নি কোনও দলের পতাকাও।
এরকম একাধিক মিছিল-জমায়েতে যোগ দিচ্ছেন বছর পঁচিশেকের চার্টার্ড অ্যাকাউন্টেন্সির ছাত্র অঙ্কুশ পাত্র।
তিনি বলছিলেন, “অনেক স্কুল-কলেজের মিছিলেই দেখছি সাধারণভাবে একটা আবেদন থাকছে যে দলবিহীন, দলীয় পতাকা-বিহীনভাবে প্রতিবাদে শামিল হওয়ার কথা। তাদের নিজেদের মধ্যে হয়তো ডিবেট হচ্ছে, মতানৈক্য হচ্ছে, তবে যখন তারা পথে নামছেন, সেখানে কেউ কিন্তু কোনও দলের কথা বলছেন না বা দলীয় প্রভাব থাকছে না।”
“তাদের গলায় মূলত যে স্লোগান শোনা যাচ্ছে, তা হলো ‘বিচার চাই’, ‘উই ওয়ান্ট জাস্টিস’,” বলছিলেন মি. পাত্র।
পথে নামতে দেখা যাচ্ছে এমন বহু নারী-পুরুষকে, যাদের কাছে রাস্তায় নেমে কোনও ঘটনার প্রতিবাদ এই প্রথম।
অঙ্কুশ পাত্রর কথায়, “আবার যখন প্রধান বিরোধী দলকে প্রতিবাদে নামতে দেখা যাচ্ছে, সেটা দেখে অনেক সাধারণ নাগরিক কিন্তু প্রতিবাদ থেকে শারীরিকভাবে পিছিয়ে যাচ্ছেন। তারা বলছেন, মানসিক সমর্থন থাকবে এই ইস্যুর প্রতি কিন্তু রাজনীতি যখন ঢুকে পড়েছে তখন আর সরাসরি সামনে আসব না আমরা। এই দুই ধরনের আখ্যানই আমি দেখতে পাচ্ছি।”

আরজি কর হাসপাতালের ধর্ষণ ও হত্যার ঘটনার বিচার চেয়ে বিভিন্ন রাজনৈতিক দল বা সংগঠন প্রতিবাদে নামলেও সিংহভাগ প্রতিবাদ মিছিলের সংগঠক বা যোগদানকারীরা একেবারেই সাধারণ নাগরিক।
তবে প্রথমদিকের ওই প্রতিবাদ মিছিলগুলিতে রাজনৈতিক নেতা-নেত্রীরা যে অংশ নেননি, তা নয়। এমনকি রাজ্যের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের একাধিক নেতা-নেত্রী ঘোষণা করেই মিছিলগুলিতে যোগ দিয়েছিলেন - বিশেষত ১৪ই অগাস্টের ‘রাতের রাস্তা দখল’ কর্মসূচিতে।
ছিলেন অন্যান্য দলের নেতা-নেত্রীরাও। কিন্তু কারও গলায় সেদিন কোনও দলীয় স্লোগান শোনা যায়নি, দেখা যায়নি কোনও দলের পতাকাও।

**‘অচেনা-অজানা’দের মোকাবেলা কীভাবে?**

পশ্চিমবঙ্গে এ ধরনের নাগরিক-প্রতিবাদ দেখা যাচ্ছে দীর্ঘদিন পরে। এর আগে নন্দীগ্রাম আন্দোলনের সময়ে কিছুটা এ ধরনের নাগরিক প্রতিবাদ দেখা গিয়েছিল।
তবে সেটি ছিল তৎকালীন বামফ্রন্ট সরকারের শিল্পের জন্য জমি অধিগ্রহণের নীতির বিরুদ্ধে। আর এবারের প্রতিবাদ যেমন হচ্ছে বিচারের দাবিতে, তেমনই উঠে আসছে সমাজে পুঞ্জীভূত ক্ষোভও।
রাজনৈতিক বিশ্লেষক শুভাশিস মৈত্র বলছিলেন এই সাধারণ মানুষের প্রতিবাদ-বিক্ষোভ ক্ষমতাসীন দল এবং সরকারের কাছে অভিনব।
তার কথায়, “এর একটা কারণ হলো এই প্রতিবাদীরা একেবারেই অচেনা-অজানা। কীভাবে এদের মোকাবেলা করা হবে, সেটা ক্ষমতাসীন দল বা সরকার জানে না।”
“সাধারণ নাগরিকদের প্রতিবাদ-যেটা শুরু হয়েছিল ধর্ষণ ও হত্যার শিকার হওয়া এক নারীর বিচারের দাবিতে, বৃহত্তর প্রেক্ষিতে নারী-সুরক্ষার দাবিতে। রাজনৈতিক দলগুলো, বিশেষ করে প্রধান বিরোধী দল বিজেপি সেভাবে সরাসরি এই আন্দোলনে ছিল না গোড়ার দিকে। তারা দেখলো যে পতাকা-ছাড়া কোনও প্রতিবাদে তো ব্যাপক সাড়া পড়ছে, তাই এখন বিজেপি নেমে পড়লো নবান্ন ঘেরাও বা বনধ ইত্যাদিতে। সেটা আদৌ সাড়া ফেলেছে কি না, তা ভিন্ন প্রসঙ্গ, কিন্তু বিজেপির আন্দোলন মোকাবেলা করা তৃণমূল কংগ্রেসের পক্ষে অনেক সুবিধাজনক। কারণ এটা দুপক্ষের কাছেই চেনা রাজনৈতিক ময়দান, চেনা প্রতিপক্ষ,” বলছিলেন মি. মৈত্র।

**‘আমাদের তো একটাই চাওয়া- বিচার’**

রাজ্যের প্রধান বিরোধী দল বিজেপি আরজি করের ঘটনার প্রতিবাদে নেমে সরাসরি মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি তুলেছে।
আর এই দাবি ওঠার পরেই তৃণমূল কংগ্রেস টেনে আনছে বিজেপি শাসিত রাজ্যগুলোতে ঘটে যাওয়া নৃশংস ধর্ষণ-হত্যার নানা ঘটনার কথা।
যখন আরজি করের ঘটনার বিচার এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগ চাইছে বিরোধী দল, তখন ক্ষমতাসীন দল নিজেরাও দোষীদের ফাঁসি চাইছে।
এই রাজনৈতিক দাবি-পাল্টা দাবিতে কেউ কেউ মনে করছেন ধর্ষণ ও হত্যার শিকার হওয়া তরুণী চিকিৎসকের বিচারের দাবিটা কিছুটা লঘু হয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে।
গত প্রায় কুড়ি দিন ধরে নানা প্রতিবাদ মিছিলে শামিল হয়েছেন কলকাতার পেশাজীবী সুজাতা ঘোষ।
তিনি বলছিলেন, “আমাদের তো একটাই চাওয়া – বিচার। ওই তরুণী চিকিৎসক যেন বিচার পায়। তবে এখন যা দেখছি, ব্যাপারটার মধ্যে বিজেপি চলে আসায় বিজেপি-শাসিত রাজ্যগুলিতে ঘটে যাওয়া একই ধরনের নৃশংস ধর্ষণ-হত্যার প্রসঙ্গ টেনে আনছে তৃণমূল কংগ্রেস।”
“হাথরাস-উন্নাও বা কাঠুয়ার ঘটনাগুলো কোনও অংশেই কম নৃশংস ছিল না। কিন্তু বিষয়টাতে রাজনৈতিক দলগুলো চলে আসার ফলে আমাদের মেয়েটির বিচারের দাবি লঘু হয়ে যাবে না তো? এই প্রশ্নটা আমার বন্ধু-বান্ধবদের মধ্যে ঘোরাফেরা করতে শুরু করেছে,” বলছিলেন মিসেস ঘোষ।
তার কথায়, “ওই ১৪ই অগাস্ট রাতে যেভাবে সব রাস্তায় শুধু কালো মাথা দেখা গিয়েছিল, সেরকমই যদি করে দেওয়া যেত, তাহলে মনে হয় রাজনৈতিক দলগুলো এই নৃশংস ঘটনা নিয়ে তাদের পরিচিত তরজা করতে পারত না। তারা এটা টের পেত যে সাধারণ মানুষ আসলে যে শুধুই বিচার চায়। একজন মুখ্যমন্ত্রীর পদত্যাগটা তো দাবি নয়!”
বিশ্লেষক শুভাশিস মৈত্র বলছিলেন, “এই প্রতিবাদ আন্দোলনে নারীরা যে বিচারের দাবি তুলেছিলেন, তার সঙ্গেই নারীদের নিরাপত্তার দাবিও উঠেছিল। এই নিরাপত্তার সামাজিক দাবিটা আবার বহুমাত্রিক ছিল। এখন রাজনৈতিক দলগুলো এই আন্দোলনে ঢুকে পড়ার ফলে ওই সামাজিক দাবিগুলো হারিয়ে যাবে কি না, তা সময়ই বলবে।”
*সৌ: বিবিসি(বাংলা)*

# দেশে শিক্ষার্থীদের আত্মহত্যার হার জনসংখ্যা বাড়ার হারের চেয়ে বেশি: সমীক্ষা

**বিশেষ রিপোর্ট**



ভারতে শিক্ষার্থীদের আত্মহত্যা করার বার্ষিক হার উদ্বেগজনকভাবে বেড়েছে। শিক্ষার্থীদের আত্মহত্যার হার দেশটিতে জনসংখ্যা বৃদ্ধির হার ও আত্মহত্যার সার্বিক প্রবণতাগুলোকে ছাপিয়ে গেছে।
গতকাল বুধবার আইসিথ্রি কনফারেন্স অ্যান্ড এক্সপো-২০২৪-এ প্রকাশিত এক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে।
ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর (এনসিআরবি) তথ্যের ভিত্তিতে আইসিথ্রি ইনস্টিটিউট ‘স্টুডেন্ট সুইসাইডস: অ্যান এপিডেমিক সুইপিং ইন্ডিয়া’ নামের প্রতিবেদনটি তৈরি করেছে।
প্রতিবেদনে বলা হয়, ভারতে বছরে মোট আত্মহত্যার হার ২ শতাংশ বেড়েছে। আর শিক্ষার্থীদের আত্মহত্যার বেড়েছে ৪ শতাংশ। ২০২২ সালে আত্মহত্যা করা শিক্ষার্থীদের ৫৩ শতাংশ পুরুষ। ২০২১ থেকে ২০২২ সালের মধ্যে পুরুষ শিক্ষার্থীদের আত্মহত্যার হার ৬ শতাংশ কমেছে। অন্যদিকে নারী শিক্ষার্থীদের আত্মহত্যার হার বেড়েছে ৭ শতাংশ।
প্রতিবেদনে বলা হয়, গত এক দশকে শূন্য থেকে ২৪ বছর বয়সী মানুষের সংখ্যা ৫৮ কোটি ২০ লাখ থেকে কমে ৫৮ কোটি ১০ লাখে দাঁড়িয়েছে। অন্যদিকে আত্মহত্যাকারী শিক্ষার্থীদের সংখ্যা ৬ হাজার ৬৫৪ থেকে বেড়ে ১৩ হাজার ৪৪-এ দাঁড়িয়েছে।
আইসিথ্রি ইনস্টিটিউট স্বেচ্ছাসেবাভিত্তিক একটি সংস্থা। তারা বিশ্বজুড়ে উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলোকে বিভিন্ন দিকনির্দেশনা দিয়ে সহযোগিতা করে এবং বিদ্যালয়ের শিক্ষক, পরিচালক ও কাউন্সেলদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে।
প্রতিবেদন অনুযায়ী, মহারাষ্ট্র, তামিলনাড়ু ও মধ্যপ্রদেশে শিক্ষার্থীদের আত্মহত্যার হার সর্বোচ্চ। ভারতে শিক্ষার্থীদের মোট আত্মহত্যার হার যত, তার এক-তৃতীয়াংশই এ তিন রাজ্যে হয়। ভারতের দক্ষিণের রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলো মিলে আত্মহত্যার মোট হার ২৯।
রাজস্থানে শিক্ষার উচ্চ মানসম্পন্ন পরিবেশ আছে বলে মনে করা হয়। এ রাজ্যও শিক্ষার্থীদের আত্মহত্যার হারের দিক থেকে দশম অবস্থানে আছে। পুলিশের এফআইআর থেকে আত্মহত্যাসংক্রান্ত তথ্যগুলো সংগ্রহ করেছে এনসিআরবি। ধারণা করা হচ্ছে, শিক্ষার্থীদের আত্মহত্যার প্রকৃত সংখ্যা আরও বেশি। কারণ, আত্মহত্যাকে কেন্দ্র করে সামাজিকভাবে হেয় হওয়াসহ বিভিন্ন কারণে অনেকে আত্মহত্যার তথ্য জানাতে চান না। তা ছাড়া ইন্ডিয়ান পেনাল কোডের ৩০৯ ধারা অনুযায়ী আত্মহত্যার চেষ্টা কিংবা আত্মহত্যায় প্ররোচণাকে অপরাধ বলে বিবেচনা করা হয়ে থাকে।
তবে ২০১৭ সালে মেন্টাল হেলথকেয়ার অ্যাক্ট অনুযায়ী, মানসিক অসুস্থতা থাকা ব্যক্তিদের আত্মহত্যার চেষ্টাকে অপরাধ বলে বিবেচনা করা হয় না।
আইসিথ্রি মুভমেন্টের প্রতিষ্ঠাতা গণেশ কোহলি বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় যে জরুরি ভিত্তিতে মানসিক স্বাস্থ্যসংক্রান্ত সমস্যাগুলোর সমাধানে ব্যবস্থা নেওয়া প্রয়োজন, তা এ প্রতিবেদনই মনে করিয়ে দিচ্ছে।
*সৌ: প্র: আ:*

বিবিসি বাংলা | **আপন কণ্ঠ**

## স্কুল পড়ুয়া মেয়েদের আত্মরক্ষার কৌশল শেখাটা কতটা জরুরী

শিক্ষা হলো শিক্ষার্থী এবং ব্যক্তিবিশেষে জীবনব্যাপী ক্রমবিকাশের এক ছেদ হীন প্রক্রিয়া, যা নিত্যনতুন অভিজ্ঞতা অবচেতনভাবে অর্জনের মাধ্যমে তাকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে সুষ্ঠ ও সার্থক সংগতিবিধানে এবং সমাজের বহুমুখী দায়িত্ব পালনে সক্ষম করে তোলে। শিক্ষার বিভিন্ন স্তর রয়েছে। তবে বিদ্যালয়ে পড়ুয়ারা সাধারণত পাঠ্যক্রমিক এবং সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মাধ্যমে সামগ্রিক শিক্ষা লাভ করে থাকে। সহপাঠক্রমিক কার্যাবলী ছাত্র-ছাত্রীদের দ্বারা বিভিন্ন ক্রিয়া-কলাপের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। সহপাঠক্রমিক কার্যাবলীর অন্যতম একটি অংশ হলো পড়ুয়াদের আত্মরক্ষার কৌশল রপ্ত করা। বর্তমান সময়ের প্রেক্ষাপটে স্কুল পড়ুয়া বিশেষ করে মেয়েদের সেলফ ডিফেন্স বা আত্মরক্ষার কৌশল শেখা টা অত্যন্ত জরুরি। নারী সুরক্ষা, বর্তমান সমাজ ও সময়, সাম্প্রতিক ও অতীতের নারী সংক্রান্ত ঘটনা প্রবাহকে গুরুত্ব দিয়ে স্কুলে পড়বার সময় থেকেই মেয়েদের এই প্রশিক্ষণ শেখাটা অতীব গুরুত্বপূর্ণ। অপ্রত্যাশিত কিছু রোখবার ঢাল হিসেবে জীবনশৈলীর একটি অংশ হলো মেয়েদের আত্মরক্ষার কৌশল শেখা। এই ধরনের প্রশিক্ষণের মাধ্যমে মেয়েদের মধ্যে যেমন আত্মবিশ্বাস বাড়বে তেমনি শারীরিকভাবেও তারা আরো বলশালী হবে। এই কৌশল মেয়েদের শারীরিক নিগ্রহ থেকে নিজেকে বাঁচাতে বা আটকাতে অনেকাংশে সাহায্য করবে। মেয়েদের মধ্যে সামাজিক সচেতনতা বাড়াতে সেলফ ডিফেন্সের বিশেষ ভূমিকা রয়েছে। পাশাপাশি সেল্ফ ডিফেন্স পড়ুয়াদের আরো সুশৃংখল হতে এবং ভবিষ্যতের জন্য নির্দিষ্ট লক্ষ্য স্থির করতে, নিজের মনকে শক্তিশালী করে গড়ে তুলতে সাহায্য করে থাকে। আবার অনেক ক্ষেত্রে স্কুলে নিয়মিত সেলফ ডিফেন্স প্রশিক্ষণ পরোক্ষভাবে স্কুল ছুট বা ড্রপ আউট কমাতে অনেকাংশে কাজ করে থাকে। প্রসঙ্গত, সমগ্র শিক্ষা মিশনের উদ্যোগে দেশের তথা রাজ্যের সমস্ত সরকারি বিদ্যালয়গুলোতে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর মেয়েদের সেলফ ডিফেন্সের প্রশিক্ষণ যোগ্য প্রশিক্ষকের দ্বারা দেওয়া হয়ে থাকে। মার্শাল আর্টসের অঙ্গ হিসেবে ক্যারাটে, তাইকুন্ডো, বক্সিং, জুডো ইত্যাদি এই প্রকল্পের অধীনে শেখানো হয়ে থাকে। তবে, এখনকার প্রেক্ষাপটে এই প্রশিক্ষণ স্কুলগুলোতে অনিয়মিত ভাবে না করে নিয়মিতভাবে চালু রাখা উচিত। সর্বোপরি, সময়ের দাবিকে মান্যতা দিয়ে নারী ক্ষমতায়নকে আরো মজবুত করতে এবং নারী স্ব সুরক্ষার দিক থেকে বিবেচনা করলে স্কুল পড়ুয়া মেয়েদের সকলকেই কমবেশি সেলফ ডিফেন্স প্রশিক্ষণ শেখা অত্যন্ত প্রয়োজনীয়।

**সজল মজুমদার**
বালুরঘাট

প্রথম নজর

# সচেতনতা শিবিরে হজে যাওয়ার উৎসাহ প্রদান



**এম মেহেদী সানি ● হাবড়া**

**আপনজন:** রাজ্য হজ কমিটির পক্ষ থেকে ‘হজ সচেতনতা শিবির’ অনুষ্ঠিত হল হাবড়া-১ ব্লক অফিসে। বৃহস্পতিবার এই সচেতনতা শিবিরে হাবড়া-১, হাবড়া-২, আমডাঙ্গা এবং দেগঙ্গা ব্লকের ইমাম-মোয়াজ্জেন, আলেম-উলামা সহ একাধিক জনপ্রতিনিধি উপস্থিত ছিলেন। যাদের উপর হজ ফরজ হয়েছে তাদেরকে হজে যাওয়ার জন্য উৎসাহিত করার পাশাপাশি হজে যাওয়ার ক্ষেত্রে কিভাবে আবেদন করা যায়, কিভাবে টাকা জমা দিতে হয়, হজে যাওয়ার ক্ষেত্রে কি কি প্রক্রিয়া রয়েছে তা এই সচেতনতা শিবির থেকে তুলে ধরেন রাজ্য হজ কমিটির আধিকারিক আলহাজ্ব আইয়ুব আলী। যারা এবার হজে যাবেন তাদেরকে কি কি নির্দেশিকা মানতে হবে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সেগুলোও বলে দেওয়া হয় এই সচেতনতা শিবির থেকে। হজ যাত্রার ক্ষেত্রে রাজ্যের যে ১৭৩৩৯ জনের কোটা রয়েছে তা কোনো বারই পূরণ হয় না, এই পরিসংখ্যান তুলে ধরে আক্ষেপ প্রকাশ করেন আইয়ুব আলী। তিনি বলেন, রাজ্য হজ কমিটির আধিকারিক আইয়ুব আলী বলেন, হজে যাওয়ার জন্য উৎসাহিত করতেই এই শিবিরের আয়োজন, পাশাপাশি হজে যেতে যে যে প্রক্রিয়াগুলো সম্মুখীন হতে হয় সেগুলো নিয়েই মানুষকে বোঝানো হয়েছে । এ দিন ইমাম সংগঠনের নেতা আব্দুর রহমানের কোরআন তেলাওয়াতের মাধ্যমে হজ সচেতনতা শিবিরের সূচনা হয়। বক্তব্য রাখেন বিশিষ্ট আলেম মুফতি আলাউদ্দিন, মাওলানা মনিরুল হুদা প্রমুখ। এ দিন হজ সচেতনতা শিবিরের ব্যবস্থাপনায় ছিলেন হাবড়া-১ ব্লকের মাইনোরিটি ব্লক লেভেল ফ্যাসিলিটেটর সিদ্দিক হোসেন।

# ওসিয়ার একাডেমীতে বিনামূল্যে স্বাস্থ্য শিবির, আধার কার্ড সংশোধন



**নিজস্ব প্রতিবেদক ● তমলুক**

**আপনজন:** পূর্ব মেদিনীপুরে কল্যাণচক নন্দকুমারে ডা. ওসিয়ার রহমান মেমোরিয়াল একাডেমীর সপ্তম জন্ম জয়ন্তী ও সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও উদ্বোধনী ভাষণ দেন পালপাড়া গোবিন্দ জিউ হাই স্কুলের শিক্ষক তৌহিদ আহমেদ খান এবং বিদ্যালয়ের সেক্রেটারি ওমর ফারুক বিদ্যালয়ের নিজস্ব পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন । অনুষ্ঠান উপলক্ষে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির ও বিনামূল্যে শিশুদের জন্য আধার কার্ড তৈরির পদক্ষেপ নেওয়া হয়। এছাড়া বিদ্যালয়ের ছড়া ও আবৃত্তি পাঠ, সূরা পাঠ ও কুইজ প্রতিযোগিতার মাধ্যমে সংস্কৃতি মঞ্চ ভরে ওঠে। উপস্থিত ছিলেন পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি এবং পটাশপুরের বিধায়ক উত্তম বারিক, কলকাতা জেলার ডোমা অফিসার আশানুর মল্লিক , জলসম্পদ দপ্তরের অফিসার হাসিবুর রহমান, হিউমান হেল্প ফাউন্ডেশন এর কর্ণধর শেখ মাতিন, এলাকার প্রাক্তন উপপ্রধান আশীষ মাইতি এবং কনকপুর মাদ্রাসার শিক্ষক মুফতি আতাউর রহমান প্রমুখ। এছাড়াও
এলাকার শুভবুদ্ধি সম্পন্ন ব্যক্তিত্বগন ও আরো অনেকে। ছাত্র-ছাত্রীদের নিয়ম শৃংখলার সঙ্গে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সহ সকল শিক্ষক শিক্ষিকা সফলভাবে এই অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করেন। পরিশেষে, বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ওমর ফারুকের বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

# কৃষ্ণনগরে বিদ্রোহী কবিকে শ্রদ্ধাজ্ঞাপন



**সলমান হেলাল ● কৃষ্ণনগর**

**আপনজন:** কৃষ্ণনগরের সাংস্কৃতিক সংস্থা সুজন বাসরের উদ্যোগে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বসবাসের স্মৃতি-বিজড়িত হেরিটেজ ভবন গ্রেস কটেজে অনুষ্ঠিত হল কবির ৪৯তম প্রয়াণ দিবস উপলক্ষে শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠান। ১৯২৬ থেকে ১৯২৮ প্রায় আড়াই বছর এই বাড়িতে সপরিবার কবি বসবাস করেন। এই বাড়িতেই পুত্র বুলবুলের জন্ম। এই বাড়িতেই বাংলা সঙ্গীতে যুগান্তকারী গজল গানের সৃষ্টি। দারিদ্র্য, খালেদ এর মতো বিখ্যাত কবিতা ছাড়াও এই পটভূমিতেই রচিত হয় তাঁর বিখ্যাত ‘মৃত্যক্ষুধা’ উপন্যাস। আনুষ্ঠানিক সূচনায় কবির আবক্ষ মূর্তিতে মাল্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন বাকচর্চা প্রকাশনার কর্ণধার মুহাম্মদ হেলালউদ্দিন। অনুষ্ঠান মঞ্চে প্রতিকৃতিতে মাল্য অর্পণ করেন সংগীতশিল্পী শঙ্খশুভ্র সরকার এবং প্রীতিকণা জোয়ারদার। স্বাগত বক্তব্যে সুজন বাসরের পক্ষে রতন কুমার নাথ জানান, এই প্রয়াণ দিবস উপলক্ষে আগামী রবিবার আয়োজিত হবে নজরুল সংগীত প্রশিক্ষণের একটি কর্মশালা। পরিচালনা করবেন অগ্নিবীণা সংস্থার সংগীত শিল্পীগণ।

# প্রায় তিনবছর ধরে কালভার্ট ভাঙা, বারবার পঞ্চায়েতে আবেদন করেও সংস্কার হচ্ছে না



**সাবের আলি ● বড়ঞা**

**আপনজন:** প্রায় তিনবছর ধরে ভাঙা রয়েছে কালর্ভাট। পঞ্চায়েতে বারবার আবেদন করা হয়েছে সংস্কারের জন্য। কিন্তু সমস্যার সমাধান হয়নি। অগত্যা ভাঙা কার্লভাটের উপর দিয়েই প্রারে প্রাণের ঝুঁকি নিয়ে পারাপার করছেন স্কুলের নাবালক ছাত্র-ছাত্রী ও শিক্ষার্থী থেকে বাসিন্দারা। ঘটনাটি মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার খোরজুনা।গ্রাম পঞ্চায়েতের অধীনে মুড্ডা গ্রামের।
স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মোড্ডা গ্রামের রাস্তার উপর দিয়ে শুধুমাত্র স্কুলের ছাত্রছাত্রীরা যাতায়াত করেন তাই নয়। ওই রাস্তার উপর দিয়ে গ্রামের বাসিন্দাদেরও যাতায়াত রয়েছে। এমনকি মাঠের ফসল গ্রামে নিয়ে আসতেও ওই রাস্তা ব্যবহার করা হয়। কিন্তু ওই রাস্তার উপর একটি কার্লভাট প্রায় তিনবছর ধরে ভাঙা পড়ে রয়েছে। সম্প্রতি তা আরও ভয়ানক অবস্থায় দাঁড়িয়েছে। কার্লভাটের লোহার রড বেরিয়ে ঝুলে পড়েছে। স্লাব গুলি নিচে ভেঙে পড়ে গিয়েছে। নিচে নালার মধ্যে দিএয় জল বইছে। এমন একটি ভয়ানক অবস্থায় প্রতিদিন স্থানীয় মুড্ডা প্রাথমিক বিদ্যালয়ের শতাধিক ছাত্রছাত্রী পড়াশুনার জন্য স্কুলে যেতে হয়। সেক্ষেত্রে প্রাণের ঝঁকি নিয়েই ভাঙা কার্লভাট পার করতে হয় তাদের। চতুর্থ শ্রেণির ছাত্র রহিম শেখ জানায়, কার্লভাট পেরোতে ভয় লাগে। কিন্তু কিছুই তো করার নাই। এখন প্রতিদিন যাতায়াত করে অভ্যেস হয়ে গিয়েছে। স্কুলের প্রধান শিক্ষক ভাস্কর দেবনাথ বলেন, ২০২১ সালে ও ২০২২ সালে ভাঙা কার্লভাট মেরামতের জন্য দুইবার পঞ্চায়েতে লিখিতভাবে আবেদন করা হয়েছে। কিন্তু কোন কাজ হয়নি। কিন্তু পঞ্চায়েতের সঙ্গে আমরা যোগাযোগ রেখে চলেছি। শুধু কার্লভাট বলে নয়। স্কুলের গার্ডওয়াল থেকে ভবনেরও কিছু সমস্যা রয়েছে। সেগুলির অসুবিধারত কথাও প্রশাসনকে জানান হয়েছে। সবচেয়ে বড় সমস্যা হল ভাঙা কার্লভাটের জন্য মিডডে মিলের সামগ্রী সরাসরি স্কুলে আনা যায় না। ভাঙা কার্লভাটে নামিয়ে সেখান থেকে মাথায় করে সামগ্রী স্কুলে নিয়ে আসতে হয়। এবিষয়ে স্থানীয় খোরজুনা পঞ্চায়েত প্রধান করবী বাগদী বলেন, স্কুল কর্তৃপক্ষ ও বাসিন্দারা কার্লভাটের কথা আমাদের জানিয়েছেন। কার্লভাট তৈরি হবে শুধু এটাই বলা যায়। যদিও কবে নাগাদ বাসিন্দাদের কার্লভাটের সমস্যা মিটবে সে সম্পর্কে পঞ্চায়েত প্রধান কিছুই জানাতে চাননি। তবে বাসিন্দারা চাইছেন দ্রুত কার্লভাট সংস্কার করে তিনবছরের সমস্যার সমধান করা হোক। মুডটা গ্রামের বাসিন্দারা তিন বছর ধরে এই রাস্তা কালভেটে সমস্যা আইসিডিএস সেন্টার যেতে হলে একটু জলের মধ্য দিয়ে যাতায়াত করতে হয় বলে অভিযোগ করেন গ্রামবাসীরা।

# বহুমুখী কর্মসূচি স্বেচ্ছাসেবী সংস্থার



**অভিজিৎ হাজরা ● আমতা**

**আপনজন:** গ্রামীণ হাওড়া জেলার উদয়নারায়ণপুর বিধানসভা- র স্বেচ্ছাসেবী সংগঠন ‘তরুণোদয় ফাউন্ডেশন’ বহুমুখী কর্মসূচি নিয়েছে। রাজাপুর মায়া ( ইট ) ভাটা - য় একশ জন নিরক্ষর শিশুকে সারা বছর ধরে শিক্ষা প্রদান, পুষ্টিকর খাদ্য প্রদান,বস্ত্র প্রদান। সেই সঙ্গে বিশেষ দিন হিসাবে শিশু ও অভিভাবক - অভিভাবকদের জন্ম দিন পালন, বকপোতা ব্রীজ সহ বিভিন্ন স্থানে যে সমস্ত জায়গায় বনভোজন করতে যারা আসে সেখান থেকে প্লাস্টিক জাতীয় সামগ্রী যেমন জলের বোতল, থার্মোকল এর থালা,বাটি পরিষ্কারের উদ্যোগ নিয়েছে।

# বুধবার রাত দেড়টা নাগাদ মগরায় নাকসা মোড়ের কাছে শুট আউট



**জিয়াউল হক ● হুগলি**

**আপনজন:** বুধবার রাত দেড়টা নাগাদ মগরায় নাকসা মোড়ের কাছে শুট আউট। এই ঘটনায় গুলিবিদ্ধ হয়েছেন ২ যুবক। পুলিশ জানিয়েছে, একজনের অবস্থা আশঙ্কাজনক তাঁকে কলকাতায় রেফার করা হয়েছে। অন্য জন চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে ভর্তি।
পুলিশ সুত্রে জানা গিয়েছে, রাত দেড়টা নাগাদ বিশ্বনাথ ও মইদুল মোটরবাইকে চেপে মগরার দিকে যাচ্ছিলেন। পিছন থেকে তাঁদের লক্ষ্য করে বেশ কয়েক রাউন্ড গুলি ছোড়া হয়।
হুগলির মগরায় নাকসা মোড়ের কাছে বুধবার রাতে শুট আউট। গুলিবিদ্ধ ২ যুবক। একজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁকে কলকাতার বেসরকারি হাসপাতালে রেফার করা হয়েছে। অন্য যুবক চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে ভর্তি।
প্রাথমিক তদন্তের পরে পুলিশ জানিয়েছে, বুধবার রাত দেড়টা নাগাদ বিশ্বনাথ দে ও মইদুল ইসলাম নামে দুই যুবক মোটরবাইকে চেপে মগরার দিকে যাচ্ছিলেন। মোটরবাইক ফলো করছিল চার চাকার একটি গাড়ি। বিশ্বনাথরা নাকসা মোড় পেরোতেই পিছনের গাড়ি থেকে তাঁদের লক্ষ্য করে বেশ কয়েক রাউন্ড গুলি ছোড়া হয়।
মইদুলের উরুতে গুলি লাগে। বিশ্বনাথের পেটে ও হাতে গুলি লাগে। স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছয় ও জখম দুই যুবককে ইমামবাড়া হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করায়। বিশ্বনাথের শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে কলকাতার বেসরকারি হাসপাতালে রেফার করা হয়।
বিশ্বনাথের মা সবিতা দে জানান, তাঁর ছেলে মাটি বিক্রির ব্যবসা করে। তৃণমূলের সমর্থক। তৃণমূলের মিটিং, মিছিলে যায়। আজ ভোরে মহিলা জানতে পারেন, তাঁর ছেলে গুলিবিদ্ধ হয়েছেন। বিশ্বনাথের সঙ্গে কারও বিরোধ ছিল না বলে স্থনীয় বাসিন্দাদের দাবি।
পুলিশের অনুমান, পুরনো কোনও শত্রুতার জেরে ওই যুবকদের গুলি করা হয়ে থাকতে পারে বলে। হুগলি গ্রামীন পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কল্যান সরকার জানান, কারা কি উদ্যেশ্যে গুলি চালালো সব দিক খতিয়ে দেখা হচ্ছে।

# হাবড়ায় সাত বছরের শিশু ধর্ষণের অভিযোগ



**এম মেহেদী সানি ● হাবড়া**

**আপনজন:** উত্তর ২৪ পরগনা জেলার হাবরা থানার মসলন্দপুর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের রাজবল্লভপুর এলাকায় হাই স্কুলের পেছনে সতীশ সরকার নামে ৩৭ বছরের এক যুবক তার বাড়ির সামনের সাত বছরের একটি মেয়েকে গতকাল ধর্ষণ করে বলে অভিযোগ । এই ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে এলাকায় । এলাকার মানুষ পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় । অভিযুক্ত সতীশ সরকারের মা এবং অভিযুক্তের দাদা জ্যোতিষ সরকারকে আটক করে হাবরা থানায় নিয়ে যায় পুলিশ । টানা দেড় ঘন্টা অবরোধ চলে মসলন্দপুর বসিরহাট রোড । এরপর পুলিশ এসে অবরোধকারীদের আশ্বস্ত করে অভিযুক্ত সতীশ সরকার কে গ্রেফতার করেছে সরুপনগর থানার পুলিশ । তারপর অবরোধ উঠে যায় । জানা যায় অভিযুক্ত সতীশ সরকার বছর দশক আগে ধর্ষণ কেসের আসামি ছিল, জেলও ঘটেছিল ।
জানা গিয়েছে সাত বছরের মেয়েটি যখন বাড়িতে একা ছিল তখন তাকে অভিযুক্ত যুবক ডেকে নিয়ে তার নিজের বাড়িতে নিয়ে যায়, এরপর সে ধর্ষণ করে বলে অভিযোগ এবং ভয় দেখায়। মেয়েটি বাড়ি এসে তাঁর গৃহ শিক্ষিকা কে ঘটনা জানায় । এলাকায় উত্তেজনা ছড়ালে পুলিশ এসে অভিযুক্তের মা এবং দাদাকে আটক করে নিয়ে যায় । পরে বাংলাদেশ স্বরূপনগর থানা এলাকা থেকে অভিযুক্ত সতীশ সরকারকে গ্রেফতার করে পুলিশ ।

# ভুতনির চরে ভাঙন দুর্গতদের পাশে মুস্তাফা ফাউন্ডেশন



**নাজমুস সাহাদাত ● মানিকচক**

**আপনজন:** মালদহের মানিকচকের ভুতনি এলাকার গঙ্গা তীরবর্তী কয়েক হাজার গ্রামে বহু মানুষের বসবাস। প্রতি বছর এই গঙ্গা গ্রাস করে অসংখ্য চাষবাস জমি সহ মানুষের বসবাস ঘরবাড়ি ভেঙ্গে তলিয়ে যায় গঙ্গা বক্ষে। প্রায় একমাস ধরে ভূতনি ব্রিজ থেকে শুরু করে পুরো এলাকা একেবারে জলমগ্ন। এবার তাদের পাশে দাঁড়াল মোথাবাড়িরর “আল মুস্তাফা ফাউন্ডেশন”। বন্যা দুর্গত এলাকার মানুষদের খাবার সহ বেশকিছু সামগ্রী নিয়ে তাদের পাশে দাঁড়ায়। আল মুস্তাফা ফাউন্ডেশন বন্যা কবলিত মানুষদের জন্য খিচুড়ি, ওষুধ, পানীয়জল, মোমবাতি, মশা মারা আগরবাতি, বাচ্চাদের চকোলেট, মহিলাদের স্যানিটারি প্যাড সহ বেশকিছু সামগ্রী তারা সেইসব মানুষদের হাতে হাতে বিতরণ করেন। সংস্থার প্রতিনিধি ছিলেন, সভাপতি সারফারাজ আলাম, মোমেনুর হক, রাইহান রাজা, আরিফ হোসেন, সাহিদ সেখ সহ প্রায় ১৫ জন সদস্য। ফাউন্ডেশনের সভাপতি সারফারাজ আলাম জানান, আমরা খবর পেলেই ভাঙন দুর্গতদের তাদের দুয়ারে পৌঁছে দেব প্রয়োজনীয় সামগ্রী।

# বনধ নিয়ে বিজেপিকে তোপ সাফেরী সিদ্দিকীর



**নুরুল ইসলাম খান ● ফুরফুরা**

**আপনজন:** নবান্ন ঘেরাও ও বনধ নিয়ে ল বিজেপি দু’দিন ধরে যে নোংরা রাজনীতি করল তা দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করলেন ফুরফুরার পীরজাদা তথা সমাজসেবী সাফেরী সিদ্দিকী। তিনি বলেন, কথায় বলে চোরের মায়ের বড় গলা। ভারতের বিভিন্ন রাজ্য সহ কেন্দ্র শাসিত প্রদেশগুলোতে আইন, বিচার ও নারী নিরাপত্তা বলে যে কিছু নেই তার বড়ো প্রমাণ বিলকিস বানু,আসিফা ও মনিপুর সহ অসংখ্য ধর্ষণের ঘটনা। মোদির বিজেপির ভৈরব বাহিনীরা অপরাধীদের শাস্তি না দিয়ে তাদের জামাই আদর করে জেল থেকে রেহাই দিয়েছে বিজেপি সরকার। উত্তর প্রদেশ সহ দেরাদুনেও ধর্ষন কারীদের ক্ষেত্রেও একই ঘটনা।এই দলের নেতারা আবার আর জি কর ডাক্তারের মৃত্যুতে গলা ফাটিয়ে শুকনা রাজনীতি করছে। রাজ্যের শান্তি ও স্বাভাবিক পরিবেশ ধ্বংস করে বিভেদকামী ও সাম্প্রদায়িক দাঙ্গার রাজনীতি করছে রাজ্য বিজেপি। আমরাও চাই আর জি করের দোষীদের উপযুক্ত শাস্তি। যদিও এই কেসটি সিবিআইয়ের হাতে। তাহলে সঠিক বিচার পাব কি আমরা? সেই প্রশ্ন তোলেন সাফেরি সিদ্দিকী।

# মৎস্যজীবী সংগঠনের বিক্ষোভ ও ডেপুটেশন



**বাইজিদ মণ্ডল ● ডায়মন্ড হারবার**

**আপনজন:** সুন্দরবন মৎস্যজীবী ও মৎস্য কর্মচারী ইউনিয়নের ডাকে বনবিভাগের চুলকাটি ক্যাম্পে অর্থাৎ রামগঙ্গা রেঞ্জের অন্তর্গত মৎস্যজীবীদের মৎস্যযান নিয়ে অবস্থান বিক্ষোভ ও ডেপুটেশন সংগঠিত হল। সুন্দরবনের বিভিন্ন প্রান্ত থেকে ৫ শতাধিক এর অধিক মৎসজীবী তাদের দাবি সুন্দরবনের নদী ও খাড়িতে মাছধরার অধিকার বহাল রাখতে হবে। এবং যে সমস্ত মৎস্যজীবী মাছ ধরা বন্ধ করা হয়েছে তাদের বিকল্প সরকার কাজের ব্যবস্থা করা।ও সরকারি ঘোষণা অনুযায়ী বাঘ, কুমির হিংস্র জন্তুর প্রকৃতি দুর্যোগে দ্বারা মৃত মৎস্যজীবী পরিবারে একজনকে সরকারি চাকরি ব্যবস্থা করা। তাছাড়াও বনদপ্তরের অত্যাচার ও জুলুম হয়রানীর জরিমানা নেয়া বন্ধ করা। ২০ আগস্ট চুলকাঠি প্রগ্রেসন ক্যাম্পে লিখিত জানানো সত্ত্বেও কোন সুরাহা হয়নি। তাই আজকের চুলাকাঠি ক্যাম্পে আবারও উপস্থিত হয়ে দেখেন ভিতর ও বাহিরে থেকে তালা বন্ধ এই অবস্থা দেখে বেলা একটা থেকে বেলা তিনটা পর্যন্ত চুলকাটি নদী অবরোধ করেন মৎস্যজীবীরা। বিক্ষোভ হয় রায়দীঘী, নামখানা, কাকদ্বীপ সহ বিভিন্ন এলাকায়।


# মালদা মেডিকেলে বিক্ষোভের মুখে ডাক্তার



**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** বৃহস্পতিবার মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে যোগদান করতে এসে বিক্ষোভের মুখে পড়লেন আর জি কর মেডিক্যাল কলেজের চেস্ট মেডিসিনি বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান ডাঃ অরুণাভ দত্ত চৌধুরী। তাকে ঘিরে বিক্ষোভ দেখাচ্ছেন মালদা মেডিক্যাল কলেজের আন্দোলনরত ডাক্তারি পড়ুয়া ছেলেমেয়েরা। এই প্রসঙ্গে এই মুহূর্তে ডাক্তারি পড়ুয়া ছেলেমেয়েদের তরফে কোন বক্তব্য পাওয়া না গেলেও, গোটা ঘটনা প্রসঙ্গে কি জানিয়েছেন মালদা মেডিক্যাল কলেজের জুনিয়র ডাক্তারেরা জানান - আরজিকর মেডিকেল কলেজের চেস্ট মেডিসিন বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অরুণাভ দত্ত চৌধুরী। আন্দোলনরত পড়ুয়াদের অভিযোগ, আরজিকর মেডিকেল কলেজের প্রাক্তন বিভাগীয় প্রধান চুপিসারে মালদা মেডিকেলে যোগদান করেছেন। যতক্ষণ না ওনার বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ খারিজ হচ্ছে ততক্ষণ ওনাকে মালদা মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে অধ্যাপক হিসাবে মেনে নেওয়া হবে না।

# বর্ধমানে রেলের উচ্ছেদ নোটিশ বস্তিবাসীদের



**মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান**

**আপনজন:** বর্ধমান শহরের ৬ নম্বর ওয়ার্ডের লোকো আমবাগান এলাকার বস্তিবাসীরা আবারও রেলের পক্ষ থেকে বস্তি উচ্ছেদের নোটিশ পেয়ে আতঙ্কে দিন কাটাচ্ছেন। পূর্ব রেলের জমির উপর অবস্থিত এই বস্তি নিয়ে দীর্ঘদিন ধরেই বিরোধ চলছিল, এবং রেলের তরফ থেকে একাধিকবার উচ্ছেদের নোটিশ দেওয়া হয়েছে। তবে রেল কর্তৃপক্ষ এখনো পর্যন্ত বস্তি উচ্ছেদ করতে সক্ষম হয়নি। কয়েকদিন আগে আবারও উচ্ছেদের নোটিশ জারি করা হয়, এবং আজ, ২৯ আগস্ট, রেল কর্তৃপক্ষের পক্ষ থেকে বস্তি উচ্ছেদের দিন নির্ধারিত ছিল। তবে আজ সকাল পর্যন্ত রেলের পক্ষ থেকে কেউ বস্তি উচ্ছেদ করতে না আসায় বস্তিবাসীরা আতঙ্কের মধ্যে দিন কাটাতে বাধ্য হন। বস্তিবাসীরা জানিয়েছেন, তারা প্রায় ৫০-৬০টি পরিবার গত ৫০ বছরেরও বেশি সময় ধরে এই জায়গায় বসবাস করছেন এবং কোনো অবস্থাতেই তারা এই জায়গা ছেড়ে যাবেন না। বেলার দিকে রেল পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে জেলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক শিবশঙ্কর ঘোষের নেতৃত্বে বস্তিবাসীরা রেল পুলিশের বিরুদ্ধে বিক্ষোভ দেখান। রেল পুলিশ ও বস্তিবাসীদের মধ্যে বাকযুদ্ধ শুরু হয়।

ছড়িয়ে-ছিটিয়ে

# নদীতে প্রতিমা ভাসাতে গিয়ে তলিয়ে গেল



**নিজস্ব প্রতিবেদক ● মালদা**

**আপনজন:** নদীতে প্রতিমা ভাসাতে গিয়ে তলিয়ে গেলেন এক ব্যক্তি। তিনি পেশায় একজন রিকশা ভ্যান চালক। তাঁর রিকশা ভ্যানে করে এক প্রতিবেশির বাড়ির মনসা প্রতিমা নিয়ে গেছিলেন গঙ্গাঘাটে। গঙ্গায় তলিয়ে যাওয়া ভ্যান চালকের নাম অজিত মণ্ডল(৩৫)। মানিকচক থানার নওয়াদিয়াটোলায় বাড়ি তাঁর। বুধবার বিকেলে এক প্রতিবেশির বাড়ির মনসা প্রতিমা গঙ্গাঘাটে ভাসাতে যান। সঙ্গে ওই প্রতিবেশি পরিবারের সদস্যরাও ছিলেন।

# সত্যচন্দ্রের জন্ম শতবর্ষে রক্তদান শিবির



**উন্মার সেখ ● কান্দি**

**আপনজন:** সত্যচন্দ্র জন্ম শতবর্ষ এবং ৪৫ তম মৃত্যুদিবস উপলক্ষ্যে রক্তদান শিবির এবং সাংস্কৃতিক অনুষ্ঠান হল জীবন্তিতে।
কান্দি থানার অন্তর্গত জীবন্তিতে বৃহস্পতিবার প্রয়াত সত্যচন্দ্রের জন্মশতবর্ষ স্মরণে সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্বেচ্ছায় রক্তদান শিবির আয়জন করা হয়েছিল। এই রক্তদান শিবিরে পুরুষ মহিলা সহ অনেকেই রক্তাদাতা এই রক্তদান শিবিরে রক্তদান করেন। এই রক্তদান শিবিরে প্রতিবন্ধী মিহিলাকেও দেখা যায় রক্তদান করতে। রক্তদানের পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রয়াত সত্যচন্দ্রের কর্মজীবন ও বর্তমান সময়ে তার প্রাসঙ্গিকতা” বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পার্থ চন্দ্র, সুশীল দাস, শের নওয়াজিস , অতীশ ব্যানার্জী সফিউর রহমান প্রমুখ। এ বিষয়ে পার্থ চন্দ্র বলেন, একটা সময় গরীব কৃষকের জন্য লড়াই করেছিলেন হচ্ছে সত্য চন্দ্র।

# নবাবপুরে তৃণমূলের মিছিল ও পথসভা



**সেখ আব্দুল আজিম ● চন্ডীতলা**

**আপনজন:** বৃহস্পতিবার বৈকাল সাড়ে চারটে নাগাদ নবাবপুর অঞ্চলের আলিপুর থেকে নবাবপুর তৃণমূল কংগ্রেসের উদ্যোগে মিছিল এবং পথসভা হয় নবাবপুর বাজারে সমাপ্ত হয়। প্রসঙ্গত আর জি কর কাণ্ডের দোষীদের ফাঁসি দাবিতে স্লোগান ওঠে উক্ত মিছিলে বারবার। মহিলাদের উপস্থিতি লক্ষ্য করা যায়। উপস্থিত ছিলেন হুগলি জেলা পরিষদের সদস্য সদস্যা ছাড়াও চন্ডীতলা ১ নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি এবং তৃণমূল কংগ্রেসের সভাপতি ও নবাবপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান উপপ্রধান সদস্য সদস্যবৃন্দ। নবাবপুর বাজারে বক্তব্য রাখেন চন্ডীতলা ব্লক ১ নম্বর সভাপতি মলয় খা এছাড়া চন্ডীতলা চন্ডীতলা চন্ডীতলা ১ নম্বর তৃণমূল কংগ্রেসের সভাপতি সনৎ সানকি ছাড়াও হুগলি জেলা পরিষদের সদস্য ভোলানাথ চ্যাটার্জি এবং হুগলি জেলা পরিষদের সদস্যা দেবযানী ব্যানার্জি নবাবপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান জাহাঙ্গীর মল্লিক প্রমুখ। সংক্ষিপ্ত বক্তব্য প্রত্যেকেই বিজেপি এবং সিপিএমকে তুলনা করেন।


নামী, তবে দামি নয়
নিকটবর্তী ফার্নিচার দোকানে আজই খোঁজ করুন
ডিজিটাল প্রিন্টেড আলমারি
নন-প্রিন্টেড কালার আলমারি
জেলা ভিত্তিক ডিলারশিপ চাই
৯৭৩২৮৮০১১০
RIMEX
We Make Furniture For Needs
প্রিমিয়ার কোয়ালিটি
পাউডার কোটেড
Since 2011
1

**প্রথম নজর**

## আত্মরক্ষায় স্কুলের ছাত্রীদের ক্যারাটে প্রশিক্ষণ কোটসুরে



**আজিম শেখ ● বীরভূম**

**আপনজন:** স্কুলের ছাত্রীদের আত্মরক্ষার কথা ভেবে তিন দিনের ক্যারাটে প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হলো কোটাসুর উচ্চ বিদ্যালয় মাঠে। উল্লেখ্য গত ৯ আগস্ট কলকাতার আরজিকর মেডিকেল কলেজ হাসপাতালে এক মহিলা ডাক্তারি পড়ুয়াকে নৃশংস ভাবে খুন করার অভিযোগ ওঠে, আর ঠিক তারই প্রতিবাদে উত্তাল গোটা রাজ্য থেকে রাজনীতি। গ্রাম থেকে শহর সর্বত্রই গর্জে উঠেছে সমাজ সচেতন মানুষ। তবে এবার থেকে আচমকা মেয়েদের উপর যদি কেউ আক্রমণ করে আর সেখান থেকে মেয়েরা কিভাবে এরাবে এ বিষয়ে নয়া উদ্যোগ নিল কোটাসুর উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্ররা । মূলত কোটাসুর উচ্চ বিদ্যালয়ের বর্তমান এবং প্রাক্তন ছাত্রীদের প্রাথমিকভাবে সুরক্ষার কথা মাথায় রেখে গত ২৭শে আগস্ট থেকে পরপর তিন দিন ক্যারাটে প্রশিক্ষণের আয়োজন করল কোটাসুর উচ্চ বিদ্যালয়ের বেশ কিছু প্রাক্তন ছাত্ররা। এ বিষয়ে কোটাসুর উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র কৃষ্ণ নারায়ণ রায় জানান "গোটা ভারতবর্ষে ধর্ষণের মামলায় প্রচন্ড এগিয়ে গিয়েছে গোটা বিশ্বের মধ্যে" তাই আজ দিদি ও বোনেদের সুরক্ষার্থে ক্যারাটে প্রশিক্ষণের উদ্যোগ নিয়েছি। ময়ূরেশ্বরের কোটাসুর স্কুলের ছাত্রীদের কথা মাথায় রেখে তিন দিনের ক্যারাটে প্রশিক্ষণের আয়োজন করল স্কুলের প্রাক্তন ছাত্ররা। তবে কতটা সফল হতে পেরেছে এই প্রশিক্ষণে । এ বিষয়ে কোটাসুর উচ্চ বিদ্যালয়ের ইতিহাসের শিক্ষক কুন্তল মিত্র জানান, "এই উদ্যোগে ১০০% সফল হয়েছে উদ্যোক্তারা"। মঙ্গলবার দুপুরে কোটাসুর উচ্চ বিদ্যালয় মাঠে প্রশিক্ষন নিতে আশা প্রায় ২০০ জন ছাত্রির উপস্থিতিতে কোটাসুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতায় এই ক্যারাটে প্রশিক্ষণের শুভ সূচনা হয়। মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার পরপর তিনদিন দুপুর ৩টে থেকে বৈকাল ৫:৩০ পর্যন্ত এই ক্যারাটে প্রশিক্ষণের সহযোগিতা করেন ক্যারাটে শিক্ষক জেলায় দায়িত্বে থাকা অনুরাগ মন্ডল, কোটাসুর দায়িত্বে থাকা অদিতি মন্ডল এছাড়াও আরো ২ ক্যারাটে শিক্ষিকা শ্রাবণী সেন ও তনু সাউ। ক্যারাটে প্রশিক্ষণ প্রতিটি মেয়েদেরই কাজে লাগবে।

## ৩০ লক্ষ টাকা ব্যয়ে পঞ্চায়েতের তৈরি সাবমার্সিবল পাম্পে জল ওঠেনি আজও



**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**

**আপনজন:** প্রায় ৩০ লক্ষ টাকা ব্যয়ে আট বছর আগে তৈরি করা হয়েছিল কৃষি কাজের জন্য সাবমার্সিবল পাম্প। অভিযোগ কোনদিনও একবিন্দুও জল গড়াইনি পাম্প দিয়ে। বিভিন্ন দপ্তরে অভিযোগ জানিয়েও হয়নি কোন সুরাহা, একরাশ হতাশা কৃষকদের। বাঁকুড়া জেলা বিষ্ণুপুর ব্লকের রাধানগর গ্রাম পঞ্চায়েতের উপশোল মৌজা, এখানে প্রায় দেড়শ বিঘে কৃষি জমি রয়েছে জলের অভাবে চাষাবাদ একেবারেই করা সম্ভব হয় না কৃষকদের। বর্ষায় শুধুমাত্র ধান চাষ টা করতে পারে কৃষকরা। তবুও যে বছর বর্ষা ঠিকঠাক হয় না সেই বছরটা শুকনোই পড়ে থাকে এই জমিগুলি। একাধিকবার ধান বীজ রোপন করলেও জলের অভাবে তা শুকিয়ে মরেছে। সরকারের কাছে কৃষকদের বহুদিনের দাবি ছিল এই এলাকায় সরকার যাতে একটা সাম্বারস্যাবেল পাম্প তৈরি করে কৃষি কাজের জন্য। কৃষকদের দাবি কৃষকদের ডাকে সাড়া দিয়ে তৎকালীন বামফ্রন্ট সরকার ২০০৮ সালে আনুমানিক ৩০ লক্ষ টাকা ব্যয়ে একটি পাম্প তৈরির জন্য টেন্ডার পাশ করান। অভিযোগ বরাত পাওয়া ঠিকা সংস্থা গাছ ছাড়া মনোভাবের মধ্য দিয়ে আট বছর পর ২০১৬ সালে পাম্পের কাজ কমপ্লিট করে। কৃষকদের অভিযোগ পাম্প দিয়ে জল না বেরোনোর সত্ত্বেও সেই সময় কৃষকদের অজান্তেই স্থানীয় পঞ্চায়েত প্রধানকে দিয়ে স্বাক্ষর করিয়ে পাম্পের হ্যান্ডওভার করে দেয় বরাত পাওয়া সংস্থা। প্রথম প্রথম কৃষকদের বলা হতো পাম্পের কাজ এখনো কমপ্লিট হয়নি, দু'বছর পেলি যাওয়ার পরেও বেবাক বুঝে কৃষকরা বিভিন্ন দপ্তরে যোগাযোগ করতে থাকে বিষয়টি নিয়ে। সংশ্লিষ্ট দপ্তর থেকে জানানো হয় পাম্প হ্যান্ডওভার হয়ে গেছে তাদের আর কিছু করার নেই। এরপর কৃষকরা একজোট হয়ে স্থানীয় পঞ্চায়েতে, বিডিও অফিসে, এসডিও অফিসে, সেচ দপ্তরে, এমনকি মুখ্যমন্ত্রীর টোল ফ্রি নাম্বারেও অভিযোগ জানাতে থাকে বছরের পর বছর। সমস্ত দপ্তরে অভিযোগ জানানোর পরেও পাম্পের সমস্যার সমাধান হয়নি। একরাশ হতাশা নিয়ে স্থানীয় কৃষকরা আজও জলবিহীন এই পাম্প হাউস আগলে বসে রয়েছে। বেড়েছে চোরের উপদ্রব পাম্প ঘর থেকে বিভিন্ন জিনিসপত্র চুরি করে নিয়ে গেছে চোরের। নিজেদের গাটের কড়ি খুইয়ে পাম্প ঘরের মেরামত করে কৃষকরা। কিন্তু এত কিছুর পরও আজও জল বিহীন সাম্বারস্যাবেল। আজও শুকনো হয়ে পড়ে রয়েছে প্রায় দেড়শ বিঘে জমি।কৃষকদের দাবি তাদের সমস্যা সমাধানের জন্য সরকার লক্ষ লক্ষ টাকা দিলেও তা কোন কাজেই লাগলো না। ঘটনা ক্রমে তৎকালীন তৃণমূল পরিচালিত প্রধান শ্রীমতি বাসন্তী ঠাকুর মাঝে প্রধান পদ থেকে সরে গেলেও ২০২৩ এর পঞ্চায়েতে পুনরায় তিনি রাধানগর গ্রাম পঞ্চায়েতের প্রধান নির্বাচিত হন। এ বিষয়ে তিনি সমস্ত অভিযোগ উড়িয়ে দিয়ে জানান সেই সময় সাবমার্সিবলে জল বের হয়। পরে নষ্ট হয়ে যাওয়ার পর আর তা লাগানো হয়নি। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

## মৎস্যজীবীদের হাতে মাছের চারা বিতরণ বিধায়কের



**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর**

**আপনজন:** জেলা মৎস্য দপ্তর থেকে জয়নগর বিধানসভার বিধায়ক বিশ্বনাথ দাসের তৎপরতায় বৃহস্পতিবার জয়নগর ২ নং ব্লকের সাবিত্রীতলা মোড় থেকে দুশো জন মৎস্য জীবির হাতে দশ কেজি করে মাছের চারা তুলে দেওয়া হয়।এদিন এই মাছের চারা বিতরণে উপস্থিত ছিলেন জয়নগর ২ নং ব্লকের পঞ্চায়েত সমিতির মৎস্য কর্মাধ্যক্ষ সুব্রত মন্ডল,খাদ্য কর্মাধ্যক্ষ ওয়াহিদ মোল্লা, ব্লক মৎস্য আধিকারিক সহ আরো অনেকে। এদিন নূর হোসেন পুরকাইত, রামদাস নস্কর, মনিরুদ্দিন নাইয়া, খাজেবক্স মোল্লা, আসমত গাজী সহ বহু মাছ চাষি খুশি মাছের চারা পেয়ে।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## কৃষ্ণনগর রবীন্দ্রভবনে লোকশিল্পীদের সম্মেলন



**আরবাজ মোল্লা ● নদিয়া**

**আপনজন:** নদিয়ার কৃষ্ণনগর রবীন্দ্রভবনে জেলা লোকশিল্পীদের সম্মেলন। জেলা তথ্য দফতরের সহায়তায় লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এই সম্মেলনে অংশ নিয়েছিলেন বহু শিল্পী। সম্মেলনে অংশগ্রহণ করে জেলার প্রখ্যাত বাউল শিল্পী মনসুর ফকির বলেন, প্রায় দশ হাজার কাছাকাছি লোকশিল্পী সরকারি ভাতা পায় প্রত্যেকেরই সরকারি পরিচয়পত্র রয়েছোঅধিকাংশই নিয়মিত সরকারি ভাতা পাচ্ছেনাবুধবার জেলার সমস্ত লোকশিল্পীদের নিয়ে এই সম্মেলনের আয়োজন করা হয়েছোআজকের সম্মেলনে সরকারি সমস্ত সচেতনতামূলক কর্মসূচি নিয়ে আলোচনা করা হচ্ছোবিভিন্ন সরকারি অনুষ্ঠানে কিংবা সচেতনতামূলক কর্মসূচিতে এই শিল্পীরা অংশগ্রহণ করে থাকেনাআরও বিভিন্ন কর্মসূচিতে তাঁদের ব্যবহার করার চিন্তাভাবনা চলছে। কৃষ্ণনগর রবীন্দ্রভবনে জেলা ভিত্তিক সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সূচনা করেন নদিয়া জেলা পরিষদের সভাধিপতি তারান্নুম সুলতানা মীর। স্বাগত ভাষণ দেন জেলা তথ্য সংস্কৃতিক আধিকারিক শুভময় মিত্র। সভাধিপতি তারান্নুম সুলতানা মীর বলেন, রাজ্য সরকার লোক শিল্পীদের অগ্রগতির জন্য নানাবিধ কাজ করে চলেছে। আরও যাতে কিছু করা যায় তার জন্য মুখ্যমন্ত্রী সচেষ্ট আছেন।

## পরিযায়ী শ্রমিকের মৃত্যু, পাশে নেতা



**নিজস্ব প্রতিবেদক ● মালদা**

**আপনজন:** ইংরেজ বাজার ব্লকের অন্তর্গত শোভানগর অঞ্চলের মাদিয়া মমিন পাড়া এক দরিদ্র যুবক জাহেরুল মোমিন গত ১৮ আগস্ট হায়দ্রাবাদে ইলেকট্রিক পোল বসানোর কাজে গিয়ে গত ২৫ আগস্ট রবিবার দুপুর টার সময় দুর্ভাগ্যবশত ইলেকট্রিক পোল ভেঙ্গে গিয়ে তিনি পাথরের উপর পড়ে যান, মাথাতে প্রচন্ড আঘাত লাগে, পিঠের হাড় ভেঙ্গে যায়, সেখান থেকে তড়িঘড়ি তাকে নার্সিংহোমে নিয়ে ভর্তি করা হয়, নার্সিংহোম দুইদিন ভর্তি থাকার পর ২৭ আগস্ট মঙ্গলবার রাত্রি ১১ঃ০০ টার সময় তিনি মারা যান। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে শোভানগরের মাদিয়া বাধা গাছ মমিন পাড়া গ্রামে। জাহিরুল মুমিনের পরিবার রয়েছে এক বিধবা মা, একটি অবিবাহিত বোন, স্ত্রী সাইনাজ বিবি ও চার সন্তান চার সন্তান। ঘটনার খবর শুনে সেখানে ছুটে যান, মালদা জেলা পরিষদের সদস্য মহম্মদ জুয়েল রহমান সিদ্দিকী। তিনি বলেন রাজ্য সরকারের বিনা মূল্যে সামাজিক সুরক্ষা যোজনা তহবিল থেকে যে ২ লাখ টাকা পাওয়া যায়, তা যাতে দ্রুত পরিবারটি পায়,তার জন্য সব রকমের সহযোগিতা করবো।

## আরজিকর কাণ্ডে দ্রুত বিচারের দাবি বাসন্তীতে

**সুভাষ চন্দ্র দাশ ● বাসন্তী**

**আপনজন:** কোন রকম রাজনৈতিক প্ররোচনা ছাড়াই আরজিকর কান্ডে দ্রুত বিচারের দাবীতে রাজপথে আন্দোলনে নামলেন শিক্ষক,ছাত্রছাত্রী,আশাকর্মী,অঙ্গনওয়াড়ী কর্মীরা।বুধবার সন্ধ্যায় বাসন্তী থানার সোনাখালি মিছিল শুরু হয়।দীর্ঘ তিন কিলোমিটার পর মিছিল শেষ হয় বাসন্তী চৌমাথা মাদার টেরিজা মোড়ে। সেখানে তিলোত্তমার স্মৃতির উদ্দেশ্যে মোমবাতি জ্বালানো হয়।এদিন এই তিন কিলোমিটার পথ মিছিলে পা মেলান হাজার হাজার মানুষ।




মিছিল থেকে আওয়াজ ওঠে 'আর যেন কোনো কাদম্বিনী কে এই ভাবে হারাতে না হয়।দ্রুত অপরাধী নির্ণয়, বিচার, চরম শাস্তি, ফাঁসি চাই।' দীর্ঘপথ মিছিল শেষে প্রাক্তন শিক্ষারত্ন শিক্ষক তথা সমাজসেবী অমল নায়েক জানিয়েছেন, 'আরজিকর কান্ড জানার পর চোখে জল এসে যায়।



# কোপায় মারামারি করে ৫ ম্যাচ নিষিদ্ধ নুনিয়েজ



**আপনজন ডেস্ক:** গত জুলাইয়ে কোপা আমেরিকার সেমিফাইনালে কলম্বিয়ার কাছে ১-০ গোলে হেরেছিল উরুগুয়ে। ম্যাচ শেষ হওয়ার পর গ্যালারিতে কলম্বিয়ার সমর্থকদের রোষানলে পড়েছিলেন উরুগুয়ের কয়েকজন খেলোয়াড়ের পরিবারের সদস্যরা।
তাঁদের রক্ষা করতে গিয়ে কলম্বিয়ার সমর্থকদের সঙ্গে মারামারিতে জড়িয়ে পড়েন উরুগুয়ে ফরোয়ার্ড দারউইন নুনিয়েজসহ দলটির আরও কয়েক খেলোয়াড়। এ ঘটনায় নুনিয়েজকে ৫ ম্যাচ নিষিদ্ধ করার পাশাপাশি জরিমানাও করেছে দক্ষিণ আমেরিকান ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা কনমেবল।
নতুন কাঠামোর চ্যাম্পিয়নস লিগে কী কী বদলে যাচ্ছে
অন্য চার খেলোয়াড়কেও নিষিদ্ধ করা হয়েছে। তদন্তের পর সব মিলিয়ে উরুগুয়ের ১১ খেলোয়াড়কে শাস্তি দিয়েছে কনমেবল। ব্যাংক অব আমেরিকা স্টেডিয়ামে ম্যাচ শেষে গ্যালারিতে গিয়ে কলম্বিয়ার সমর্থকদের সঙ্গে মারামারিতে জড়িয়ে পড়েছিলেন নুনিয়েজ। শাস্তি পাওয়া অন্যদের তুলনায় তাঁকেই সবচেয়ে কঠোর শাস্তি দেওয়া হয়েছে। অন্যদের সর্বোচ্চ চার ম্যাচ নিষিদ্ধ করার পাশাপাশি জরিমানা করা হয়েছে। টটেনহামে খেলা উরুগুয়ের মিডফিল্ডার রদ্রিগো বেন্তাঙ্কুর নিষিদ্ধ হয়েছেন ৪ ম্যাচ। ৩ ম্যাচ করে নিষিদ্ধ হয়েছেন উরুগুয়ের তিন ডিফেন্ডার ম্যাথিয়াস অলিভেরা, রোনাল্ড আরাউহো ও হোসে মারিয়া হিমিনেজ।
নুনিয়েজকে ২০ হাজার ডলার জরিমানা করা হয়েছে। নিষিদ্ধ হওয়া বাকি চারজনকে জরিমানা করা হয়েছে ৫ থেকে ১৬ হাজার ডলারের মধ্যে। শুধু জরিমানা করা হয়েছে অন্য ছয় খেলোয়াড়কে।
আল নাসরে জিদানকে কোচ হিসেবে চান রোনাল্ডো
শাস্তি দেওয়া হয়েছে উরুগুয়ে ফুটবল ফেডারেশনকেও। তাদের ২০ হাজার ডলার জরিমানা করা হয়েছে। এই অর্থ প্রাইজমানি ও রাজস্ব থেকে কেটে নেওয়া হবে। উরুগুয়ে ডিফেন্ডার হিমিনেজ এ নিয়ে বলেছেন, গ্যালারির ওই অংশে বসে খেলা দেখা পরিবারের সদস্যদের নিরাপত্তার স্বার্থেই তাঁরা সেখানে গিয়েছিলেন।

# আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় ওয়েস্ট ইন্ডিজ পেসারের



**আপনজন ডেস্ক:** বোলারদের জন্য প্রাণহীন পিচেও উচ্চতা এবং শক্তিকে কাজে লাগিয়ে গতি এবং বাউন্সারে ব্যাটারদের নাভিশ্বাস উঠাতে পারতেন শ্যানন গ্যাব্রিয়েল। তার এই দক্ষতার কারণেই ক্যারিবিয়ানদের দুই পেসার প্যাট্রিক প্যাটারসন ও ইয়ান বিশপের সঙ্গে তুলনা করেছিলেন ওয়েস্ট ইন্ডিজের কিংবদন্তি পেসার কোর্টনি ওয়ালশ।
মরা পিচে গতির ঝড় তোলা সেই গ্যাব্রিয়েল আন্তর্জাতিক ক্রিকেটকে আজ বিদায় জানিয়েছেন। অবসর নেওয়ার ঘোষণাটা নিজের ইনস্টাগ্রামে দিয়েছেন তিনি। এতে করে তার এক যুগের ক্যারিয়ার থেমে থাকলো ২০২ উইকেটে। তিন সংস্করণ মিলিয়ে নামের পাশে এই উইকেটসংখ্যা বসাতে পেরেছেন তিনি।
ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে অবশ্য দীর্ঘ ১ বছরেরও বেশি সময় ধরে গ্যাব্রিয়েলের পথচলা থেমে ছিল। ২০২৩ সালের জুলাইয়ে ঘরের মাঠে ভারতের বিপক্ষে সবশেষ টেস্ট খেলার পর থেকেই জাতীয় দলে সুযোগ পাচ্ছিলেন না এক সময়কার একাদশের নিয়মিত সদস্য।
পুনরায় জাতীয় দলের দরজা খুলতে না পারায় আনুষ্ঠানিকভাবেই জাতীয় দলের সঙ্গে পথচলাটা থামিয়ে দিলেন তিনি।
আন্তর্জাতিক ক্রিকেট থেকে বিদায় নেওয়ার বিষয়ে ইনস্টাগ্রামে গ্যাব্রিয়েল লিখেছেন, ‘ওয়েস্ট ইন্ডিজের হয়ে আন্তর্জাতিক ক্রিকেট খেলতে গত ১২ বছর নিজেকে উৎসর্গ করেছিলাম। ভালোবাসার ক্রিকেটের সর্বোচ্চ পর্যায়ে খেলতে পারাটা আমাকে প্রচুর আনন্দ দিয়েছে। তব সব ভালো জিনিসের একটা শেষ আছে।
আজ, আন্তর্জাতিক ক্রিকেট ছেড়ে দেওয়ার ঘোষণা দিচ্ছি।’
২০১২ সালে টেস্ট দিয়ে আন্তর্জাতিক ক্রিকেট অভিষেক হয়েছিল গ্যাব্রিয়েলের। দীর্ঘতম সংস্করণই ছিল তার আসল ঠিকানা। এই সংস্করণেই নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন তিনি। ক্যারিয়ারে ৫৯ টেস্ট খেলে ১৬৬ উইকেট নিয়েছেন ৩৬ বছর বয়সী পেসার।
ইনিংসে ৬ বার পাঁচ উইকেট নেওয়া পেসারের ক্যারিয়ার সেরা বোলিং হচ্ছে ৬২ রানে ৮ উইকেট। শ্রীলঙ্কার বিপক্ষে ম্যাচে তার ১২১ রানে ১৩ উইকেট ক্যারিবিয়ানদের চতুর্থ সেরা। অন্য দুই সংস্করণে কখনো থিতু হতে পারেননি তিনি। ২৫ ওয়ানেডে ৩৩ উইকেটের বিপরীতে ২ টি-টোয়েন্টিতে নিয়েছে ৩ উইকেট।

# লখনউতে ডার্বি ম্যাচের প্রদর্শনী ইস্টবেঙ্গল বনাম মোহনবাগানের

মারুফা খাতুন ● কলকাতা




**আপনজন:** আগামী ২-রা সেপ্টেম্বর লখনৌ-তে ইস্টবেঙ্গল ও মোহনবাগানের রিজার্ভ দলগুলির মধ্যে হতে চলেছে একটি প্রদর্শনী ম্যাচ। যেটি কলকাতা ডার্বি-তে নতুন অধ্যায়ের সূচনা করবে। ২০২৪ ডুরাণ্ড কাপের ১৮ আগস্ট হওয়া সিনিয়র ডার্বি নিরাপত্তার কারণে বাতিল করতে হয়েছিল। তারপরে ইস্টবেঙ্গল কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নিয়েছিল এবং ৩১ শে আগস্ট অনুষ্ঠিত হওয়া ম্যাচে মোহনবাগান ফাইনালে অগ্রসর হয়েছিল। ভারতীয় ফুটবলের এই শীর্ষ দুই দল দেশের বিভিন্ন জায়গায় একাধিকবার প্রতিদ্বন্দ্বিতা করেছে কিন্তু লখনৌ তে কখনোই তা হয়নি। ১০৪ বছরের ইতিহাসে ইস্টবেঙ্গল কখনো লখনৌ তে খেলেনি আর মোহনবাগান ৬৯ বছর পর লখনৌতে আবার খেলবে। উত্তরপ্রদেশে ফুটবলের জনপ্রিয়তা বাড়াতে এআইএফএফ-এর সভাপতির উদ্যোগ সত্যিই অনস্বীকার্য বলে মনে করেন মোহনবাগানের প্রধান কোচ ডেগি কার্ডোজো। এই ম্যাচটি তরুণদের মধ্যে ফুটবল খেলার আশা জাগাবে। যার ফলে আরো অনেক তরুণ প্রতিভাবান খেলোয়াড়ের আত্মপ্রকাশ ঘটবে।

# ১০০০ গোল করতে চান রোনাল্ডো



**আপনজন ডেস্ক:** ৩৯ বছর বয়সী পর্তুগিজ কিংবদন্তির সামনে বড় একটি মাইলফলক আছে। সেটি ছুঁয়ে ফেলতে পারলে হয়তো নিজের থামার জায়গাটা দেখতে পাবেন রোনাল্ডো কিংবা কোথায়, কখন থামতে হবে, তা নিয়ে ভাবা শুরু করবেন। মাইলফলকটি কিসের, তা নিশ্চয়ই এতক্ষণে আন্দাজ করে ফেলেছেন। ১০০০ গোল! পর্তুগালের সংবাদমাধ্যম ‘চ্যানেল নাউ’কে রোনাল্ডো কিছুদিন আগে বলেছেন, জাতীয় দল ছাড়ার সময় হলে কাউকে কিছু না বলেই জায়গাটা ছেড়ে দেবেন। ক্লাব ফুটবল থেকে কবে সরে দাঁড়াবেন, সে বিষয়ে এখনো মুখ খোলেননি রোনাল্ডো। তবে পর্তুগিজ ফরোয়ার্ডের ক্যারিয়ারে তাকিয়ে একটি ব্যাপার তো আন্দাজ করে নেওয়াই যায়। জাতীয় দল ও ক্লাব ফুটবলে প্রায় সবকিছু জিতে নেওয়া রোনাল্ডোর সামনে এখন ওই একটাই লক্ষ্য—১০০০ গোলের মাইলফলক। ইংল্যান্ডের কিংবদন্তি ডিফেন্ডার ও ম্যানচেস্টার ইউনাইটেডে নিজের সাবেক সতীর্থ ও বন্ধু রিও ফার্ডিনান্ডকে এ কথাই বলেছেন আল নাসরের এ তারকা, ‘আমি ১০০০ গোল করতে চাই।’ রোনাল্ডো মুখ ফুটে এ কথা না বললেও হতো। ব্যাপারটা আগেই আন্দাজ করে নিয়েছেন অনেকেই। ক্লাব ও জাতীয় দল মিলিয়ে রোনাল্ডোর ক্যারিয়ার গোলসংখ্যা ৮৯৯। চাই আরও ১০১ গোল। এটাই রোনাল্ডোর কাছে আপাতত সবচেয়ে গুরুত্বপূর্ণ। নিজের ইউটিউব চ্যানেলের জন্য আল নাসর ফরোয়ার্ডের একটি সাক্ষাৎকার নিয়েছেন ফার্ডিনান্ড। সেখানে রোনাল্ডো ধারণা করেছেন, ৪১ বছর বয়সের মধ্যে ১০০০ গোলের মাইলফলকের দেখা পেতে পারেন, ‘আমি ১০০০ গোল করতে চাই। চোটে না পড়লে এটাই আমার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমি এটা চাই। ফুটবলে তাড়া করার জন্য এটাই আমার কাছে সেরা মাইলফলক। প্রথমে ৯০০ গোল, তারপর আমার চ্যালেঞ্জ হলো ১০০০ গোল করা।’
নতুন কাঠামোর চ্যাম্পিয়নস লিগে ফার্ডিনান্ডের সঙ্গে খোলামনে কথা বলেছেন রোনাল্ডো। ফুটবলে সর্বকালের সর্বোচ্চ গোলদাতাদের তালিকায় পেলে, আলফ্রেড ডি স্টেফানোদের মতো যেসব কিংবদন্তির নাম উঠে আসে, তাঁদের সঙ্গে নিজের গোলসংখ্যার পার্থক্য নিয়েও কথা বলেছেন রোনাল্ডো। পেলে-ডি স্টেফানোদের সময়ে ক্যামেরার বিস্তৃত ব্যবহার ছিল না, এ ব্যাপারে পার্থক্য টেনে রোনাল্ডো বলেছেন, ‘আমি যত গোল করেছি সেগুলোর ভিডিও আছে। আমি তাদের (পেলে, ডি স্টেফানো) সবাইকেই সম্মান করি। তবে যদি তুমি (ফার্ডিনান্ড) আরও গোল চাও, অনুশীলনেরগুলো যোগ করতে পারো। তারপর হয়তো লোকের কাছে নিজেকে প্রমাণ করতে পারব। তারা এই খেলোয়াড়কে পছন্দ করে নাকি ওই খেলোয়াড়ই সেরা। এটা নিয়ে আমি ভাবি না।’

# ‘কোহলি-রোহিতের অবসরের আগে পাকিস্তানে খেলা উচিত’: কামরান আকমল



**আপনজন ডেস্ক:** বিরাট কোহলির আন্তর্জাতিক ক্যারিয়ার ১৬ বছরের। তিন সংস্করণ মিলে খেলেছেন ৫০০-এর বেশি ম্যাচ। কিন্তু এখন পর্যন্ত পাকিস্তানের মাটিতে একটি ম্যাচও খেলা হয়নি তাঁর। ভারতের আরেক তারকা ক্রিকেটার রোহিত শর্মার অবস্থাও কাছাকাছি। ১৭ বছরের আন্তর্জাতিক ক্যারিয়ারে পাকিস্তানে মাত্র ৬টি ম্যাচ খেলেছেন রোহিত। সব কটিই তাঁর ক্যারিয়ারের শুরুর দিকে, ২০০৮ সালের এশিয়া কাপে।
গত এক দশকে সাফল্যে, খ্যাতিতে আন্তর্জাতিক ক্রিকেটের প্রথম সারির মুখ হয়ে উঠলেও এ সময়ে কোহলি, রোহিতের পাকিস্তানে না খেলার কারণে দেশটির ক্রিকেটপ্রেমীরা বঞ্চিত হয়েছেন মনে করেন পাকিস্তানের সাবেক উইকেটকিপার কামরান আকমল। অবসরের আগে কোহলি-রোহিতের পাকিস্তানে খেলা উচিত বলেও মন্তব্য করেছেন তিনি।
কামরানের মন্তব্যটি এসেছে এমন এক সময়ে, যখন আগামী ফেব্রুয়ারি-মার্চে পাকিস্তানে অনুষ্ঠেয় চ্যাম্পিয়নস ট্রফিতে ভারতের অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তা আছে। সরকারের অনুমতি না থাকায় ২০০৮ সালের পর ভারত ক্রিকেট দল পাকিস্তান সফরে যায়নি। দুই দলের সর্বশেষ দ্বিপক্ষীয় সিরিজ হয়েছে ২০১২-১৩ মৌসুমে, যেটি হয়েছিল ভারতের মাটিতে। এরপর সর্বশেষ ২০২৩ বিশ্বকাপ খেলতেও পাকিস্তান দল ভারতে গেছে। কিন্তু একই বছর পাকিস্তানের মাটিতে এশিয়া কাপ থাকলেও ভারত সেখানে খেলতে যায়নি। পরে সেটি হয়েছিল হাইব্রিড মডেলে, ভারতের ম্যাচগুলো হয়েছিল শ্রীলঙ্কায়। এখন পর্যন্ত যা আভাস, আগামী বছর আইসিসি চ্যাম্পিয়নস ট্রফিতেও ভারত ক্রিকেট দল পাকিস্তান সফর এড়িয়ে যেতে পারে। সে ক্ষেত্রে কোহলি ও রোহিত—দুজনেরই হয়তো পাকিস্তানের মাটিতে আন্তর্জাতিক ম্যাচ খেলার সুযোগ আর হবে না। কারণ, দুজনের বয়সই ৩৫ পেরিয়ে গেছে। এরই মধ্যে টি-টোয়েন্টি সংস্করণ থেকে অবসরও নিয়েছেন দুজন।
কামরান মনে করেন, আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের আগে কোহলি-রোহিতের পাকিস্তানের মাটিতে খেলা উচিত। টাইমস অব ইন্ডিয়াকে দেওয়া সাক্ষাৎকারে এ বিষয়ে কামরান বলেন, ‘অবসরের আগে কোহলি, রোহিতের পাকিস্তান সফর করা উচিত। তারা দুজন বিশ্ব ক্রিকেটের তারকা, বিশ্বের বিভিন্ন প্রান্তে গিয়ে খেলছে। প্রত্যেকটা সমর্থক তাদের পছন্দ করে। তাদের ব্যাটিং এবং ম্যাচ জেতানো পারফরম্যান্সের কারণে বড় ধরনের সমর্থক-ভিত্তি আছে।’
২০০৮ সালে আন্তর্জাতিক ক্রিকেটে পা রাখা কোহলি পাকিস্তানে একবারই সফর করেছেন। সেটি অনূর্ধ্ব-১৯ দলের হয়ে। তবে সে সময়ের কোহলি আর এখনকার তারকা কোহলির মধ্যে পার্থক্য আছে বলে মনে করা কামরান বলেন, ‘বিশ্বজুড়ে অনেকেই কোহলিকে রোল মডেল মনে করে। রোহিত তো বিশ্বকাপজয়ী অধিনায়ক। বুমরা এ মুহূর্তে বিশ্বের সেরা পেসার। এই খেলোয়াড়েরা যখন পাকিস্তান আসবে, প্রত্যেক দর্শক একটা ভিন্ন অনুভূতিতে ভেসে যাবেন। কোহলি যদিও আগেই এসেছে, কিন্তু তখন তো জনপ্রিয় ছিল না। এখন এলে দেখতে পারবে, পাকিস্তানে তার জনপ্রিয়তা কেমন। পাকিস্তানে বিশ্বের আর কোনো খেলোয়াড় ওর মতো এত জনপ্রিয় নয়।’
পাকিস্তানিরা তাদের নিজেদের দলের যেকোনো খেলোয়াড়ের চেয়ে কোহলি, রোহিত আর বুমরাকে বেশি ভালোবাসে বলেও মন্তব্য করেন কামরান।
টি-টোয়েন্টি বিশ্বকাপের পর বিশ্রামে থাকা কোহলি-রোহিত আগামী মাসে বাংলাদেশের বিপক্ষে সিরিজ দিয়ে মাঠে ফিরবেন। দুই টেস্টের সিরিজটি শুরু হবে ১৯ সেপ্টেম্বর চেন্নাইয়ে, পরের টেস্ট ২৭ সেপ্টেম্বর কানপুরে।

# কলকাতা লিগে সুপার সিক্সের আশা জিইয়ে রাখল মহামেডান



মোস্তাফিজুর রহমান ● নৈহাটি

**আপনজন:** সুপার সিক্সের আশা জিইয়ে রাখতে পরাজয় এড়াতেই হতো সাদাকালো শিবিরের,নয়তো ঘাড়ের কাছে নিঃশ্বাস ফেলা ইউনাইটেড, খিদিরপুরের সামনে দরজা খুলে যেত। যদিও এখনও সুপার সিক্স নিশ্চিত নয়,তবে নিজেদের ভবিষ্যৎ নিজেদের হাতেই মহামেডান স্পোর্টিংয়ের।
বৃহস্পতিবার নৈহাটির বঙ্কিমাঞ্জলী স্টেডিয়ামে মুখোমুখী হয়েছিল মহামেডান ও সুরুচি সংঘ।
বলা বাহুল্য, গত ২২ আগস্ট এই দু'দল মুখোমুখি হলেও,বৃষ্টিতে দ্বিতীয়ার্ধে ধুয়ে যায়।ফলে ম্যাচের বাকি অংশ এদিন আবার অনুষ্ঠিত হয়।যেখানে মহামেডান ২-১ গোলে পিছিয়ে শুরু করে।
প্রথমদিনে সুরুচি’র আবু সুফিয়ান ও জয়দীপ এবং মহামেডানের বামিয়া সামাদ গোল করে।
ফিরতি পর্বে গতকাল লালথানকিমার দুরন্ত গোলে সমতা ফেরায় ব্ল্যাক প্যান্থার্সরা।
ফলে ১১ ম্যাচে ১৯ পয়েন্ট পাওয়া মহামেডান শেষ ম্যাচে মেসারাসের সাথে জিতলেই শেষ ছয়ে জায়গা করে নেবে। হাকিম সেগেন্ডো,বেলাল খানদের প্রশিক্ষণাধীন চ্যাম্পিয়ন হতে পারবে কিনা সময় বলবে,তবে জুনিয়র ও আনকোরা ছেলেদের নিয়ে সুপার সিক্সটাও বড় পাওনা।
অন্যদিকে, কেরালার ওয়েনাড়ে ভূমিধ্বসে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে আজ কেরালা সুপার লিগের অল স্টার দলের বিরুদ্ধে একটি প্রদর্শনী ম্যাচে মুখোমুখি হচ্ছে মহামেডানের আইএসএল স্কোয়াড। যার পুরো অর্থটাই তুলে দেওয়া হবে ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে। আজ সন্ধ্যা সাড়ে ৭ টায় কোচ চের্নিশভের কাছে সুযোগ আইএসএলের আগে সিনিয়র টিমকে পরখ নেওয়ার।

# ৪৫ দিন পর অনুশীলনে ফিরলেন মেসি




**আপনজন ডেস্ক:** দীর্ঘ ৪৫ দিন পর অনুশীলনে ফিরেছেন লিওনেল মেসি। গতকাল ইন্টার মায়ামির মাঠ ফ্লোরিডার চেজ স্টেডিয়ামে অনুশীলন করতে দেখা যায় তাকে। এসময় মেসিকে দেখতে ভিড় জমে মায়ামি সমর্থকদের।
কোপা আমেরিকার ফাইনালে চোট পাওয়ার পর থেকে দীর্ঘদিন মাঠের বাইরে ছিলেন মেসি। মেসিকে দেখে হাসি ফোটে সমর্থকদের মুখে। চিৎকার করে হাততালি দেন তারা। যদিও বেশিক্ষণ অনুশীলন করেননি মেসি। এখনই পায়ের ওপর বেশি জোর দিতে চাচ্ছেন না তিনি। ধীরে ধীরে পরিশ্রম বাড়াবেন তিনি। মেসি অবশ্য কবে ম্যাচ খেলতে পারবেন সে বিষয়ে এখনও নিশ্চিত করে বলতে পারছেন না চিকিৎসকেরা। মায়ামির পক্ষ থেকে জানানো হয়েছে, মেসিকে নিয়ে ঝুঁকি নিতে চাচ্ছে না দলটি। মেসির পূর্ণ সুস্থতার জন্য যত সময় দরকার সে সময় দিতে চায় মায়ামি।
১৫ই জুলাই কোপা আমেরিকার ফাইনালে কলম্বিয়ার বিপক্ষে খেলতে নেমে প্রথমার্ধে চোট পান মেসি। সেই অবস্থাতেই দ্বিতীয়ার্ধে খেলতে নেমেছিলেন। কিন্তু ৬৪ মিনিটের মাথায় দ্বিতীয় বার ডান পায়ের গোড়ালিতে চোট পাওয়ার পরে আর খেলতে পারেননি এই বিশ্বজয়ী তারকা। মাঠ ছেড়ে উঠে যেতে হয় তাকে। তবে শেষ পর্যন্ত হাসি ফোটে মেসির মুখে। লাওতারো মার্টিনেজের গোলে কলম্বিয়াকে হারিয়ে পর পর দু’বার কোপা আমেরিকা জেতে আর্জেন্টিনা। চোট নিয়েও মেসি মাতেন উল্লাসে।
আগামী মাসে বিশ্বকাপের কোয়ালিফায়ার রাউন্ডে দু’টি খেলা আছে আর্জেন্টিনার। ওই দুই ম্যাচে অবশ্য খেলতে পারবেন না মেসি।






# বাংলাদেশের বিরুদ্ধে টেস্ট ম্যাচে ফের প্রত্যাবর্তন হতে পারে শামির



**আপনজন ডেস্ক:** “টেস্ট ম্যাচের দ্বারা মহম্মদ শামির আবার আত্মপ্রকাশ ঘটতে চলেছে” ২০২৩-এ আইসিসি ক্রিকেট ওয়ার্ল্ড কাপ মেনের পর থেকে ভারতীয় ফাস্ট বোলার মো শামির নাম সকলের মুখে মুখে। ৮ থেকে ৮০ এমন কেউ নেই যে শামিকে চেনে না কিন্তু দুর্ভাগ্য গত নভেম্বরে গোড়ালিতে চোটের কারণে খেলা থেকে বিরত তিনি। তবে ১৯ সেপ্টেম্বর চেন্নাই-এ বাংলাদেশের বিরুদ্ধে টেস্ট ম্যাচ দিয়ে শামির প্রত্যাবর্তন আবার হবে। আশা করা যাচ্ছে বেঙ্গালুরুতে জাতীয় ক্রিকেট একাডেমির অধীনে প্রশিক্ষণ চালিয়ে যেতে পারেন তিনি। জুলাই মাস থেকে শামি বোলিং শুরু করে দিয়েছেন। বাংলাদেশের বিপক্ষে প্রথম টেস্টটি শামির প্রত্যাবর্তনের জন্য সর্বদাই প্রধান লক্ষ্য। এমনকি এই তালিকায় মোহাম্মদ কাইফ, শামির ছোট ভাই এবং ঋদ্ধিমান সাহার মতো খেলোয়াড়দের অন্তর্ভুক্ত করা হয়েছে।

# ক্রীড়ায় রাজনীতি বর্জনের ডাক

এম মেহেদী সানি ● স্বরুপনগর



**আপনজন ডেস্ক:** খুন, ধর্ষণ, সহিংসতার ঘটনার ক্ষেত্রে রাজ্য তথা দেশ জুড়ে অস্থির পরিস্থিতির ক্ষেত্রে রাজনৈতিক রং লাগিয়ে তা আরও বিষিয়ে তোলা হচ্ছে বলে মন্তব্য করে সকলকে রাজনৈতিক কচকচানি থেকে বিরত থাকার আহ্বান জানালেন জাতীয় এবং আন্তর্জাতিক স্তরের বিশিষ্ট ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠন ‘অ্যাথলেটিক কোচেস্ অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল’-এর কনভেনার ইসমাইল সরদার। বৃহস্পতিবার হকি গুরু ধ্যানচাঁদের জন্ম জয়ন্তীতে জাতীয় ক্রীড়া দিবসে এমনটা মন্তব্য করেন তিনি। এ দিন ইসমাইল সরদার নব প্রজন্মকে রাজনীতি পরিহার করে প্রকৃত মানুষ হয়ে ওঠার আহ্বান জানান। মোবাইলকে সরিয়ে মাঠ মুখি হয়ে সুস্বাস্থ্য গঠনের পরামর্শ দেন।







মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**